আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

পশ্চিমবঙ্গ সরকারে
লোয়ার ডিভিশন ক্লার্ক
নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার
নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৯

বর্ষ ৪৭ সংখ্যা ১৫ কলকাতা বুধবার, ৪ নভেম্বর ২০২৬/১ ১৮ কার্তিক ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

রেলে ১৬৮৮ উচ্চ মাধ্যমিক

উচ্চ মাধ্যমিক যোগ্যতায় বিভিন্ন পদে দেশ জুড়ে ১,৬৮৮ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (আন্ডার গ্র্যাজুয়েট) কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট এবং ট্রেনস ক্লার্ক পদে নিয়োগ করা হবে কলকাতা, শিলিগুড়ি, মালদা-সহ মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৭/২০২৬।

প্রসঙ্গত, ৩০ সেপ্টেম্বর তারিখের 'কর্মক্ষেত্র'য় এই নিয়োগ সম্পর্কে আগাম জানানো হয়েছিল। এই সংখ্যায় বিশদে জানানো হল।

আরআরবি অনুসারে শূন্যপদের বিন্যাস: কলকাতা: কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৮৮টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৫৭টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১৬১টি। ট্রেনস ক্লার্ক: ২৩টি। **মালদা:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ১২টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৮টি। ট্রেনস ক্লার্ক: ৩টি। **শিলিগুড়ি:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৩১টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৮টি। ট্রেনস ক্লার্ক: ৪টি। **আহমেদাবাদ:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ১টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১৮টি। ট্রেনস ক্লার্ক: ৭টি। **আজমের:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৪৭টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ২৫টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫২টি। **ব্যাঙ্গালোর:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ১৬টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৭টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ২১টি। ট্রেনস ক্লার্ক: ১টি। **ভোপাল:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ২৭টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ১০টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১৪টি। ট্রেনস ক্লার্ক: ৮টি। **ভুবনেশ্বর:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ২৬টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৯টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫টি। **বিলাসপুর:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৯টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ১১টি। **চণ্ডীগড়:** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ১৮টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫০টি। ট্রেনস ক্লার্ক: ১০টি। **চেন্নাই:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ১১৪টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট:

এরপর চারের পাতায়

কলকাতা পুলিশে ৫৮৯৩ শূন্যপদে নিয়োগ শীঘ্রই

নিজস্ব প্রতিনিধি: কলকাতা পুলিশে ৫,৮৯৩ জন কনস্টেবল, লেডি কনস্টেবল, সার্জেন্ট, সাব-ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্ট্রেস নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। ২৭ অক্টোবর, রাজ্য সরকারের স্বরাষ্ট্র ও পার্বত্য-বিষয়ক বিভাগের পুলিশ এস্টাবলিশমেন্ট ব্রাঞ্চ এই বিষয়ে একটি নির্দেশ (Order No. 3289-PL/PA/1C-04/19 Pt.) জারি করেছে। পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড নিয়োগের প্রক্রিয়া পরিচালনা করবে।

সম্ভাব্য শূন্যপদ: কনস্টেবল ৪,৩১৯টি, লেডি কনস্টেবল ৪৩০টি, সার্জেন্ট ৬৪৮টি, সাব-ইনস্পেক্টর ৪২৫টি, সাব-ইনস্পেক্ট্রেস ৭০টি, সাব-ইনস্পেক্টর (আর্মড) ১টি। বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। তবে এই ৫,৮৯৩টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শীঘ্রই শুরু হয়ে যাওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। আগ্রহীরা লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া শুরু করে দিতে পারেন। এই নিয়োগ-সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে, 'কর্মক্ষেত্র'য় জানিয়ে দেওয়া হবে।

নিউক্লিয়ার পাওয়ারে অ্যাপ্রেন্টিস

৮০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিস-শিপ ট্রেনিং দেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও অ্যাপ্রেন্টিস রুলস, ১৯৯২ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে বিভিন্ন ট্রেড ও শাখায় ১ বছরের ট্রেনিং দেওয়া হবে উত্তর প্রদেশের নরোরা অ্যাটমিক পাওয়ার স্টেশনে। ট্রেনিং

এরপর তিনের পাতায়

রেলে ১২৬৫ গ্র্যাজুয়েট

স্টেশন মাস্টার পদে দেশ জুড়ে ১,২৬৫ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নিয়োগ করা হবে দেশের মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৮/২০২৬।

আরআরবি অনুসারে শূন্যপদ: কলকাতা: ৩৭টি, মালদা: ৪টি, শিলিগুড়ি: ২৬টি, আহমেদাবাদ: ৩১টি, আজমের: ৬১টি, প্রয়াগরাজ: ১১২টি, বেঙ্গালুরু: ১০২টি, ভোপাল: ৬২টি, ভুবনেশ্বর: ২৩টি, বিলাসপুর: ৬৪টি, চণ্ডীগড়: ২৮টি, চেন্নাই: ১১৯টি, গোরখপুর: ১৮টি, গুয়াহাটি ৩৭টি, জম্মু-শ্রীনগর: ১২২টি, মুম্বই: ১৭৭টি, মুজফ্ফরপুর: ১৪টি, পাটনা: ১৭টি, রাঁচি: ২৭টি, সেকেন্দ্রাবাদ: ৭০টি, তিরুবনন্তপুরম: ১১৪টি।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। **বয়স:** ১-১-২০২৭ তারিখে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

বেতনক্রম: সপ্তম বেতন

এরপর চারের পাতায়

বেলে ৩৫০ ইঞ্জিনিয়ার

ইলেক্ট্রনিক্স ও মেকানিক্যাল শাখায় ৩৫০ জন প্রবেশনারি ইঞ্জিনিয়ার নেবে ভারত ইলেক্ট্রনিক্স (বেল)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে সংস্থার বিভিন্ন অফিস ও ইউনিটে। প্রথমে ৬ মাসের ট্রেনিং। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 17556/HR/All-India/2026.

শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ইলেক্ট্রনিক্স: ২০০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ২৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা কমিউনিকেশন বা টেলিকমিউনিকেশনে বি ই বা বি টেক বা বি এসসি।

মেকানিক্যাল: ১৫০টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ওবিসি ৪০, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ১৮টি

এরপর চারের পাতায়

ক্যাবিনেট সেক্রেটারিয়েটে ২৫০ ডেপুটি ফিল্ড অফিসার

গেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে

বিভিন্ন শাখায় ২৫০ জন ডেপুটি ফিল্ড অফিসার (টেকনিক্যাল) নেবে ভারত সরকারের ক্যাবিনেট সেক্রেটারিয়েট। প্রার্থীকে অবশ্যই গেট ২০২৪ বা ২০২৫ বা ২০২৬ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৬।

শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি ১১২টি, ইলেক্ট্রনিক্স/কমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ১১২টি, ডেটা সায়েন্স/আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ১০টি, ফিজিক্স ৫টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ৪টি, সিভিল ইঞ্জিনিয়ারিং ৩টি, কেমিস্ট্রি ২টি, ম্যাথমেটিক্স ১টি, স্ট্যাটিস্টিক্স ১টি।

এরপর দুয়ের পাতায়

অ্যাটমিক এনার্জি এডুকেশন সোসাইটিতে ২৪৮ শিক্ষক, লাইব্রেরিয়ান

বিভিন্ন পদে ২৪৮ জনকে নেবে অ্যাটমিক এনার্জি এডুকেশন সোসাইটি। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পোস্ট গ্র্যাজুয়েট টিচার, ট্রেড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, লাইব্রেরিয়ান, বালবাটিকা টিচার পদে নিয়োগ করা হবে সংস্থার ৩০টি স্কুলে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৬।

শূন্যপদের বিবরণ: পোস্ট গ্র্যাজুয়েট টিচার: ২৭টি। **বিষয় অনুসারে শূন্যপদ:** ইংলিশ ৪টি, ম্যাথমেটিক্স ৪টি, বায়োলজি ২টি, কেমিস্ট্রি ৩টি, ফিজিক্স ২টি, কম্পিউটার সায়েন্স ৩টি, কমার্স ৬টি, ইকনমিক্স ২টি, হিস্ট্রি ১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর বা ইন্টিগ্রেটেড স্নাতকোত্তর ডিগ্রি। কম্পিউটার সায়েন্স শাখার ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে এম

এরপর দুয়ের পাতায়

অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস

৩,০৪৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওএনজিসি। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে সংস্থার ২৪টি ওয়ার্ক সেন্টারে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: ONGC/APPR/1/2020.

পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল কলকাতা ওয়ার্ক সেন্টারের নির্দিষ্ট আসনের জন্যই আবেদন করতে পারবেন। তাই এখানে কলকাতা ওয়ার্ক সেন্টারের জন্য নির্দিষ্ট ৩৪টি শূন্য আসনের বিষয়ে জানানো হল।

শূন্যপদের বিবরণ: **সেন্ট্রাল সেক্টর: কলকাতা:** সেক্রেটারিয়াল অফিস অ্যাসিস্ট্যান্ট: ১০। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০। ফিটার: ২। মেকানিক ডিজেল: ২। ফায়ার সেফটি টেকনিশিয়ান: ৬। সার্ভেয়র: ২। ড্রাফটসম্যান (সিভিল): ২।

মনে রাখবেন, যে-কোনও একটি ট্রেডের জন্য নির্দিষ্ট আসনেই আবেদন করা যাবে।

শিক্ষাগত যোগ্যতা: সেক্রেটারিয়াল অফিস অ্যাসিস্ট্যান্ট: যে-কোনও শাখায় স্নাতক। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ড্রাফটসম্যান (সিভিল), ফিটার, মেকানিক ডিজেল, ফায়ার সেফটি টেকনিশিয়ান এবং সার্ভেয়রের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ।

বয়স: ২৯-১১-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: ১ বছর মেয়াদের আইটিআই ট্রেডের ক্ষেত্রে মাসে ৯,৬০০ টাকা ও ২ বছর মেয়াদের ক্ষেত্রে মাসে ১০,৫৬০ টাকা। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মাসে ১২,৩০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিস-শিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম রেজিস্ট্রেশন করতে হবে আইটিআই ট্রেডের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://apprenticeshipindia.org এবং সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://nats.education.gov.in দরখাস্তের শেষ তারিখ ২০ নভেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই আপলোড করতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন : www.ongcapprentices.ongc.co.in

ফুরোবার আগেই সংগ্রহ করুন



কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

হাওড়ায় ইঞ্জিনিয়ারিং কারখানার জন্য Mechanical Engineer (Diploma Holder), ১ জন AUTO CAD Operator Draftsman, ১ জন মার্কার ফিটার এবং ২ জন অভিজ্ঞ গ্যাস কাটার-সহ ওয়েল্ডার মিগ মেশিন চালাতে পারবে প্রয়োজন। খুব দ্রুত। যোগাযোগ: ৯৮৩০১-২৬২১২।

□

Urgent Recruitment- Sales Person, S.L. Agarbatti Company Experienced Sales Representatives/ Sales Officer Job Locations : South 24 Parganas/ Medinipur Purulia/ Bardhaman/ Birbhum/ Nadia/ Bankura. যোগাযোগ: 79806-04501/ 93267-90032.

□

সেন্ট্রাল কলকাতায় অবস্থিত সুপ্রতিষ্ঠিত একটি চামড়ার শ্লাভস ও পোশাকের এবং অনুরূপ পণ্য রপ্তানি প্রতিষ্ঠানে পণ্য বাছাই এবং প্যাকিংয়ের কাজে মাধ্যমিক পাস, প্রাথমিক ইংরাজি শব্দ পড়তে জানা, অভিজ্ঞ এবং অনভিজ্ঞ কর্মী (পুরুষ \ নারী) জরুরি ভিত্তিতে নিয়োগ চলছে। যোগাযোগ নং : 98300-23644.

□

Situation Vacant

Wanted residential teachers (Hons/P.G) B.Ed. in Math, Bengali, Biology, Computer Science & Physical Education for Sree Ramakrishna Ashram Vidyapith (Madhyamik), P.O. Khar, Dist. Purba Medinipur, Pin:721429 (Near S.D.O. Office, Egra) and Graduate Hostel Teachers (Male/Female) along with efficient Clerk and a reliable Security Guard also. Apply to the Secretary within 15 days with all testimonials in duplicate. Eligible candidates may contact with: 98007-77211/ 62955-82700/ 78723-91439/90463-63785. Sd/S.P. Das. Secretary Sree Ramakrishna Ashram Vidyapith (M).

□

বৃদ্ধাশ্রমে স্থায়ী কাজ— কেয়ারটেকার, ইনচার্জ (অভিজ্ঞ), আয়া, রাধুনির কাজে পরিশ্রমী পুরুষ/মহিলা চাই। থাকা, খাওয়া, চিকিৎসা ফ্রি - 86974-70032.

□

MNC needs Retd/ VRS/ গৃহবধূ for Manager. 26-73, HS+. Salary + PF + TA + Bonus + Tour. No Sales. No Target. 3hr./3day. অফিসিয়াল জব 98361-62116.

□

MNC direct employee hiring for VRS/ Retd/ Housewife/ Others, Fixed Salary: 10-50K/PM Inc. + Promotion. Excellent Future. HS+ 79803-44828.

□

MNC Job Opportunity. Fixed Salary + High Income for Development Role. Retired/ Housewife/ Female/ HS+. Limited Openings. M-98301-66735.

□

Join as MNC Employee! Fixed Salary + High Income. Development Role. Retired/ Housewife. HS+, Male/Female. Call- 98301-34942.

□

কলকাতা নামী মিডিয়া অফিস (SETC INSTITUTE) মহিলা স্টাফ টেলিকলার প্রয়োজন। বয়স-18-30, বেতন 8-12K, বায়োডাটা, ফটো হোয়াটসঅ্যাপ করুন: 98314-04234.

□

We require Telephone Operator, Peon, Office Assistant, Accountant, Stenographer for office in Kolkata & Machine Shop & Maintenance Supervisors, EOT Crane Operator for Works at Serampore, Hooghly. Apply to Surreal Realty. 41C, Garcha Road, Kolkata-700019. Phone: 90739-33030.

□

প্যাকিং-এর কাজের জন্য অল্পবয়স্ক কর্মঠ ছেলে ও কিচেন চিমনি সার্ভিসিং-এর কাজ জানা আউটডোর টেকনিশিয়ান চাই। বেতন- 12K-15K. Send CV to WhatsApp: 98302-43867.

□

কলকাতার একটি সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং কোম্পানিতে নিয়োগ: মেশিন অপারেটর (ITI) এবং প্রোডাকশন ও মেনটেন্যান্স ইঞ্জিনিয়ার (B.Tech/ ডিপ্লোমা- মেকানিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, ইলেকট্রনিক্স বা ইলেকট্রিক্যাল)। ফ্রেশাররা এবং অভিজ্ঞ ব্যক্তি আবেদন করতে পারেন। M : 90512-00573. নিউটাউন।

□

Editor চাই

Bengali ও Economics-এ Post Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন: rayandmartin6@gmail.com-এ। কর্মস্থান: 10 রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. Salary- 20000/- (CTC)

□

Required Male back office Exec. for construction firm, min 5yrs. exp. + English Medium Background + MS Office. Email : hitech.cons@yahoo.com/033-2590-9295.

□

হাওড়ার ধুলাগড় কারখানার জন্য অভিজ্ঞ VTL, লেদ অপারেটর, কোয়ালিটি ইন্সপেক্টর (Drawing ও Measuring Instrument জানা) আবশ্যক- 98300-52648.

□

Require Office Boy (20-25 years) at Dalhousie for Clerical & Outdoor work. Monthly 8000/-. Apply with CV: calcutta2023@gmail.com

□

অবসরপ্রাপ্ত- Bank/গভঃ/ Pvt./ PSU/ রেল/গৃহবধূ/কর্মপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol. অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 62908-06152.

□

অবসরপ্রাপ্ত ও গৃহবধূদের জন্য বিশেষ কাজের সুযোগ। সম্মান, উপার্জন + সরাসরি সব সুবিধা পেতে কলকাতায় অফিসে বসে কাজ করুন সিনিয়র পোস্টে। BM- 97488-70286.

□

আয়া/গভর্নেস প্রয়োজন (২৪ ঘণ্টা) ৩ বছরের শিশুকন্যার সার্বিক দেখাশোনার জন্য একজন অভিজ্ঞ, দায়িত্বশীল ও স্নেহময়ী সার্বক্ষণিক Nanny/ Governess প্রয়োজন। বেতন: ₹২০,০০০-২৫,০০০ (মাসিক)। স্থান: নিউটাউন, কলকাতা। যোগাযোগ: 96744-54508.

□

খ্যাতনামা মহিলা অনাথ আশ্রমের রান্না ও দেখাশোনার জন্য আবাসিক মধ্যবয়স্কা পিছুটানহীন মহিলা কর্মী চাই। 2465-7745/ 79809-29421 রাজপুর, দক্ষিণ ২৪ পরগণা।

□

পুণেতে ডাক্তার দম্পতির বাঙালী রান্না গৃহস্থালি কাজে 25-45 বছরের মহিলা চাই। থাকা-খাওয়াসহ বেতন: 20-22 হাজার। বাড়ীতে কুকুর আছে। M : 98308-37870.

□

PGT/ TGT- Sp. Edu. Phy. Chem. Hist. Geo. Hindi AI Com. Art PRT/ NTT- Sci. SST Eng. Hindi. Singur Hooghly- 90514-46839. educare 15915@gmail.com

□

হুগলি জেলার বিশিষ্ট জুয়েলারী কোম্পানিতে কাজ করার জন্য দক্ষ অভিজ্ঞ কুন্দন কারিগর চাই, আকর্ষণীয় মাহিনা ও অন্যান্য সুযোগ সুবিধা-সহ। M-97006-11064/ 83340-19044.

□

Retd. (50-70) স্নাতক আমার দায়িত্বে বিশ্বাস + ভরসা রেখে AI কে তোয়াক্কা না করে Mngr. পদে Indian Co.তে সৎভাবে আয়ের জন্য মুক্তমনে আসুন। চন্দ: 90075-10903.

□

Wanted: M.Sc Male candidate with 5+ years' experience in agrochemical marketing. Location : Kolkata. Email CV : gassin.cv@gmail.com

□

MNC Direct Hiring as Managers for Retd./ VRS/ Housewife/ Others, Fixed Salary: 10-50K/PM + Inc. + Promotion + Bonus + Tour. HS+. 70031-90668.

□

M.B.B.S RMO (House staff done), Two OT Nursing staff (GNM), One experienced Manager required for hospital Bongaon/ M-94330-10876/ 73849-68281 (8PM to 9PM)

□

স্বগৃহে Project E-Book দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp., ল্যাপটপ/ডেটা এন্ট্রি/স্মার্ট ফোনে টাইপ করে PART TIME প্রতি সপ্তাহে আয়ের সুযোগ: 85858-19609.

□

Require– At Dankuni Chemical Plant, 1) 3 Operator Cum Fitter, (ITI or Diploma) 2) 1 Chemist, 3) 1 Supervisor. Send Bio- Data on our Email id: ateninfra@gmail.com. Plz mention Expected Salary, ESI available.

□

Reputed Co. reqd. Mngrs. Part/ Full Time Retd./ VRS/ Housewife/ Self Employed 25-70, HS+. Fixed Salary 10-60K + PF + Med. + Bonus. 98362-73358.

□

বেলঘরিয়াস্থিত প্রকাশনা সংস্থায় দক্ষতাসম্পন্ন বাংলা টাইপ জানা DTP অপারেটর চাই। Soft: Pagemaker, InDesign, Photoshop, Salary: 18K-22K, Ph. 99031-06887.

□

ব্যারাকপুর অফিসে স্থায়ী পদে Male/ Female নিয়োগ। HS/ BA বয়স: 30-65 RETD. Bank রেল Army টিচার ব্যবসায়ী গৃহবধূ অগ্রগণ্য। আয়: 35K+ নো টার্গেট 99036-40452.

□

Reputed Travel Co. at Salt lake reqd. Accountant (40-50 yrs.) having knowledge of Tally, GST, ITR. Min 5 yrs. exp. M: 92300-69990.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

স্কুল-কলেজ-শিক্ষা

কম্পিটিটিভ ম্যাথস এক্সপার্ট, 25+ বছরের অভিজ্ঞতা WBCS, PSC Clerk, Police, Rail, জটিল অঙ্ক নিমেষে সমাধানের শর্টকাট টিকস। এছাড়াও English ও G. K., G. I. 87772-17803.

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৮ নভেম্বর **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

অ্যাটমিক এনার্জি এডুকেশন সোসাইটিতে ২৪৮

প্রথম পাতার পর

এসসি বা এম ই বা এম টেক। অথবা এমসিএ। সেই সঙ্গে সব ক্ষেত্রেই ৫০ শতাংশ নম্বর-সহ বি এড বা ৩ বছরের ইন্টিগ্রেটেড বি এড-এম এড বা বি এড কম্পোনেন্ট-সহ ৪ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি থাকতে হবে। টিজিটি হিসেবে পড়ানোর অভিজ্ঞতা থাকলে, স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে, কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে, ইংরেজি এবং হিন্দি বা কোনও ভারতীয় ভাষায় কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার: ১০১টি। **বিষয় অনুসারে শূন্যপদ:** ইংলিশ ১৪টি, সোশ্যাল স্টাডিজ ১১টি, হিন্দি-সংস্কৃত ৯টি, ম্যাথমেটিক্স-ফিজিক্স ২২টি, কেমিস্ট্রি-বায়োলজি ১৩টি, কম্পিউটার সায়েন্স ১৩টি, ফিজিক্যাল অ্যান্ড হেল্‌থ এডুকেশন (পুরুষ) ৭টি, ফিজিক্যাল অ্যান্ড হেল্‌থ এডুকেশন (মহিলা) ৫টি, আর্ট এডুকেশন ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা ৪ বছরের ইন্টিগ্রেটেড স্নাতক ডিগ্রি। সেই সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ বি এড বা ৩ বছরের ইন্টিগ্রেটেড বি এড-এম এড বা ১ বছরের বি এড (স্পেশ্যাল এডুকেশন) পাশ। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি এবং ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ইন্টিগ্রেটেড বিএড-এমএড।

কম্পিউটার সায়েন্স শাখার ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি এসসি অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা বিসিএ। অথবা, মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ডোয়েক 'এ' লেভেল পাশ। সব ক্ষেত্রেই ৫০ শতাংশ নম্বর-সহ বিএড পাশ করে থাকতে হবে।

ফিজিক্যাল অ্যান্ড হেল্‌থ এডুকেশন শাখার ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশন বা ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টসে ৪ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও বিষয়ে স্নাতক ও বিপিএড ডিগ্রি। জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকলে অথবা কোনও জাতীয় স্তরের স্পোর্টস ইনস্টিটিউট থেকে ডিপ্লোমা পাশ করে থাকলে অগ্রাধিকার।

আর্ট এডুকেশন শাখার ক্ষেত্রে ড্রইং অ্যান্ড পেইন্টিং বা স্কাল্পচার বা গ্রাফিক আর্ট বা ফাইন আর্টসে স্নাতক-সহ বি এড ডিগ্রি। উভয় ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই সি-টেট (পেপার-টু) পাশ করে থাকতে হবে।

স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে, কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে, ইংরেজি এবং হিন্দি বা কোনও ভারতীয় ভাষায় কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

লাইব্রেরিয়ান: ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ লাইব্রেরি সায়েন্স বা লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। ইংরেজি এবং হিন্দি বা কোনও ভারতীয় ভাষায় কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

প্রাইমারি টিচার: ৮৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন বা ৪ বছরের বি এল এড বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন)। পাশাপাশি, সি-টেট (পেপার-ওয়ান) পাশ করে থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে, ইংরেজি এবং হিন্দি বা কোনও ভারতীয় ভাষায় কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রাইমারি টিচার (মিউজিক): ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক পাশ। সেই সঙ্গে মিউজিক বা পারফর্মিং আর্টে স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে, ইংরেজি এবং হিন্দি বা কোনও ভারতীয় ভাষায় কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

বালবাটিকা টিচার: ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে নার্সারি টিচার্স এডুকেশন বা প্রি-স্কুল এডুকেশন বা আর্লি চাইল্ডহুড কেয়ার অ্যান্ড এডুকেশনে ডিপ্লোমা বা বি এড (নার্সারি) ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে, ইংরেজি এবং হিন্দি বা কোনও ভারতীয় ভাষায় কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

২২-১১-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে— জেনারেল ইংলিশ (৫ নম্বর), জেনারেল হিন্দি (৫ নম্বর), জেনারেল নলেজ (৫ নম্বর), জেনারেল রিজনিং (৫ নম্বর), বেসিক কম্পিউটার লিটারেসি (৫ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৫ নম্বর), টিচিং মেথডোলজি (১৫ নম্বর), সংশ্লিষ্ট বিষয় (৭৫ নম্বর)। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aees.onlineregistrationforms.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২২ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ক্যাবিনেট সেক্রেটারিয়েটে ২৫০

প্রথম পাতার পর

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক অথবা এম এসসি। এর পাশাপাশি, গেট-২০২৪ বা গেট-২০২৫ বা গেট-২০২৬ পরীক্ষায় কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (সিএস) বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসি) বা ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (ডিএ) বা ফিজিক্স (পিএইচ) বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বা সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বা কেমিস্ট্রি (সিওয়াই) বা ম্যাথমেটিক্স (এমএ) বা স্ট্যাটিস্টিক্স (এসটি) পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে। **বয়স:** ১৫-১১-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **শুরুতে বেতন:** ১,০০,০০০ টাকা (আনুমানিক)। প্রার্থী বাছাই করা হবে গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓৩ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন। অপর দু'টি ফটোর পিছনে প্রার্থীর নাম ও জন্মতারিখ লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓কর্মরতদের ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

১৫ নভেম্বরের মধ্যে সাধারণ ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Post Bag No. 001, Lodhi Road Head Post Office, New Delhi-110003.

দরখাস্তের বয়ান আগামী সংখ্যায়

কী পড়বেন, কী শিখবেন

আইআইটি হায়দরাবাদে গবেষণা

নিজস্ব প্রতিনিধি: হায়দরাবাদের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে (আইআইটি), ২০২৭ সালের জানুয়ারি থেকে শুরু হওয়া পিএইচডি পাঠক্রমে ভর্তির আবেদন করা যাচ্ছে। হোস্টেলে থাকার সুবিধা আছে।

কী-কী বিষয়ে গবেষণা

কৃত্রিম বুদ্ধিমত্তা, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, বায়োটেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ক্লাইমেট চেঞ্জ, কম্পিউটেশনাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইঞ্জিনিয়ারিং সায়েন্স, মেটেরিয়ালস সায়েন্স অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড এরোস্পেস ইঞ্জিনিয়ারিং, রসায়ন, গণিত, পদার্থবিদ্যা।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে এমই বা এম টেক বা গবেষণাভিত্তিক এমএস বা ইঞ্জিনিয়ারিংয়ে এমএস বা ইন্টিগ্রেটেড স্নাতকোত্তর ডিগ্রি বা এম ফার্মা বা এমডি বা এমএস-এর মতো চিকিৎসাবিদ্যার ডিগ্রি। প্রথম শ্রেণিতে পাশ করে থাকতে হবে। প্রথম শ্রেণির নম্বর-সহ এম এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারবেন। সে ক্ষেত্রে প্রার্থীদের গেট, সিএসআইআর, ইউজিসি, ডিএসটি-ইনস্পায়ার, আইসিএমআর, এনবিএইচএম, ডিবিটি অথবা সমতুল পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

আবেদন করার শেষ দিন: ১০ নভেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iith.ac.in/phdadmissions/

বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

রামকৃষ্ণ মিশনে ব্যবসামুখী প্রশিক্ষণ

নিজস্ব সংবাদদাতা: এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর এবং ওয়াশিং মেশিন মেরামতি ও রক্ষণাবেক্ষণের কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দির। প্রশিক্ষণ শেষে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এস ডি সি)-এর সার্টিফিকেট প্রদান করা হবে। কোর্সের মেয়াদ ৬ মাস।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

ক্লাস হবে সপ্তাহে ৩ দিন ক্লাস— সোম, মঙ্গল ও বুধবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

কোর্স ফি: ১০,০০০ টাকা।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে প্রার্থীদের ভর্তি নেওয়া হবে। ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দিরের অফিসে। ভর্তির সময়ে সঙ্গে লাগবে: ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, আধার কার্ডের নকল, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও মার্কশিটের নকল, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের নকল এবং কোর্স অনুযায়ী ফি। ভর্তির শেষ তারিখ জানানো হয়নি। দ্রুত আবেদন করুন। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০৩৩ ২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪৮৭৬৬৩।

দু'টি চাকরিমুখী কোর্স

নিজস্ব প্রতিনিধি: সেন্ট জেভিয়ার্স কলেজ ও ফাইন এক্স ইনস্টিটিউট অব কলেজের যৌথ উদ্যোগে চলতি মাসে দু'টি চাকরিমুখী কোর্স পড়ানো হবে। ভর্তির প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। প্রতিষ্ঠানের তরফে আবেদনের শেষ তারিখ এখনও জানানো হয়নি। কোর্স শেষে সফল শিক্ষার্থীদের সার্টিফিকেট দেওয়া হবে।

সার্টিফায়েড মার্কেট এক্সপার্ট কোর্স

শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক। চাকরিরতরাও আবেদন করতে পারেন। তবে ক্লাসে ৭৫ শতাংশ উপস্থিতি থাকতে হবে।

কী পড়ানো হবে: আইপিও, সূচক এবং ইক্যুইটি, ইআইসি পদ্ধতি এবং অনুপাত বিশ্লেষণ, রিস্ক প্রোফাইলিং, পোর্টফোলিও তৈরি, প্রাইস অ্যাকশন, চার্ট প্যাটার্ন, ট্রেডিং কৌশল, প্রিকস, ওপেন ইন্টারেস্ট এবং ভিআইএক্স-এর মতো বাজারের সূচক বিশ্লেষণ, সুচিন্তিত বিনিয়োগ, ট্রেডিং প্রভৃতি।

কোর্সের মেয়াদ: ১০০ ঘণ্টা।

ক্লাসের সময়: সোম থেকে শনি, বিকেল চারটে থেকে সন্ধে ৬টা।

কোর্স ফি: ৩৫,০০০ টাকা।

আবেদনের ফি: ২০০ টাকা।

অ্যাক্রিডিটেড ওয়েল্‌থ প্ল্যানার কোর্স

এটি অনলাইন কোর্স।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চ মাধ্যমিক পাশ। চাকরিরতরাও আবেদন করতে পারেন। তবে ক্লাসে ৭৫ শতাংশ উপস্থিতি থাকতেই হবে।

কোর্সের মেয়াদ: ১০০ ঘণ্টা।

ক্লাসের সময়: সোম থেকে শনি, বিকেল চারটে থেকে সন্ধে ৬টা।

কী পড়ানো হবে: ঝুঁকি ও আয় বুঝে আর্থিক পরিকল্পনা, ইক্যুইটি, ঋণপত্র ও ব্যঙ্কিং পণ্য বিশ্লেষণ, মিউচুয়াল ফান্ড, বিমা, কর-ব্যবস্থা, বিনিয়োগের কার্যকারিতা, ক্লায়েন্ট প্রোফাইলিং, অ্যাসেট অ্যালোকেশন, পরামর্শ প্রদান প্রভৃতি।

কোর্স ফি: ৩০,০০০ টাকা।

আবেদনের ফি: ২০০ টাকা।

দু'টি কোর্সের ক্ষেত্রেই অনলাইন আবেদন করতে হবে। বিশদ তথ্য পাবেন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটে: https://admissions.sxccal.edu/ এ ছাড়া তথ্য জানতে মেল করতে পারেন এই আইডিতে: career@sxccal.edu

প্রতিরক্ষা গবেষণা সংস্থায় ইন্টার্ন

ভারতের প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা ডিআরডিও-র অধীনস্থ গোয়ালিয়রের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাব্লিশমেন্ট, দেশের স্নাতক এবং স্নাতকোত্তর পড়ুয়াদের ৬ মাসের ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে। মোট ৮টি পদে শিক্ষানবিশ নেওয়া হবে। ১-১-২০২৭ থেকে ইন্টার্নশিপ শুরু। আবেদন করতে পারেন এখনই।

শিক্ষাগত যোগ্যতা: বায়োলজিক্যাল সায়েন্সের ৩টি পদের জন্য বায়োটেকনোলজি বা মাইক্রোবায়োলজি বা ফার্মাকোলজি বা টক্সিকোলজি বা ইমিউনোলজিতে এমএসসি (তৃতীয় বা চতুর্থ সেমিস্টার) বা বি টেক (সপ্তম বা অষ্টম সেমিস্টার) পাঠরত হতে হবে। কেমিক্যাল সায়েন্সের ৩টি পদে অর্গ্যানিক বা ইন-অর্গ্যানিক বা অ্যানালিটিক্যাল কেমিস্ট্রিতে এম এসসি (তৃতীয় বা চতুর্থ সেমিস্টার) পাঠরত হলে আবেদন করা যাবে। ইঞ্জিনিয়ারিংয়ের ২টি পদের জন্য ইলেক্ট্রনিক্স বা মেকানিক্যাল বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে বি ই বা বি টেক (সপ্তম বা অষ্টম সেমিস্টার) পাঠরত হতে হবে।

শিক্ষানবিশির মেয়াদ: ৬ মাস।

স্টাইপেন্ড: মাসে ৫,০০০ টাকা।

আবেদনের শেষ তারিখ: ১৪ নভেম্বর। নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১ ডিসেম্বর।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স

বিহেভিওরাল সায়েন্স অ্যান্ড পাবলিক পলিসি বিষয়ের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড কালচার। কোর্সটি ইউনিসেফের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে জানুয়ারিতে।

আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি ১৭,৭০০ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://jadavpuruniversity.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৪ ডিসেম্বর বিকেল ৫টার মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Course Coordinator, Advanced Diploma in Behavioural Science and Public Policy, Office of the Department of International Relations, P.G. Arts Building, Jadavpur University Main Campus, Kolkata - 700032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নিউক্লিয়ার পাওয়ারে অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: NAPS/HRM/APPRENTICE/02/2026.

ক্যাটেগরি ও ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ট্রেড অ্যাপ্রেন্টিস: ইলেক্ট্রিশিয়ান ২৫টি। ফিটার ১৬টি। ইলেক্ট্রনিক্স মেকানিক ৯টি। ক্যাটেগরি অনুসারে আসন: সাধারণ ২১, তফসিলি জাতি ১১, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: যাঁরা ১ বছরের আইটিআই কোর্স করেছেন, তাঁদের ক্ষেত্রে প্রতি মাসে ১০,৫৬০ টাকা। যাঁরা ২ বছরের আইটিআই কোর্স করেছেন, তাঁদের ক্ষেত্রে প্রতি মাসে ১১,০৪০ টাকা।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: মেকানিক্যাল ৫টি। ইলেক্ট্রিক্যাল ৩টি। ইলেক্ট্রনিক্স ২টি। সিভিল ৬টি। ক্যাটেগরি অনুসারে আসন: সাধারণ ৭, তফসিলি জাতি ৩, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি শাখায় ডিপ্লোমা। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১০,৯০০ টাকা।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: মেকানিক্যাল ৪টি। ইলেক্ট্রিক্যাল ৩টি। হিউম্যান রিসোর্স ৩টি। ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস ২টি। কন্ট্রাক্ট অ্যান্ড মেটিরিয়াল ম্যানেজমেন্ট ২টি। ক্যাটেগরি অনুসারে আসন: সাধারণ ৭, তফসিলি জাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক। বয়স: ১৮ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১২,৩০০ টাকা।

১৮-১১-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৩৭ সেমি। বুকের ছাতি ৩.৮ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম রেজিস্ট্রেশন করতে হবে গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: www.nats.education.gov.in (এস্টাবলিশমেন্ট আইডি NUPBUC093592) এবং আইটিআই অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: www.apprenticeshipindia.gov.in (এস্টাবলিশমেন্ট আইডি E05200901473)। এরপর আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in আবেদনের শেষ তারিখ ১৮ নভেম্বর। অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। বিশদ জানতে দেখুন: www.npcilcareers.co.in

সেমি কন্ডাক্টর ল্যাবরেটরিতে চাকরি

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান 'বি' ও জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ৬০ জনকে নেবে সেমি কন্ডাক্টর ল্যাবরেটরি। এটি কেন্দ্রীয় সরকারের ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SCL:DR:01/2026.

শূন্যপদের বিবরণ: অ্যাডমিনিস্ট্রেটিভ: জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করতে হবে। বয়স: ৩০-১১-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট: মেকানিক্যাল: ৪টি। **ইলেক্ট্রনিক্স:** ১২টি। **ইনস্ট্রুমেন্টেশন:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণিতে বি এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। বয়স: ৩০-১১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে।

টেকনিশিয়ান 'বি': ফিটার: ৩টি। **ইলেক্ট্রিশিয়ান/ইলেক্ট্রিক্যাল:** ৩টি। **ইলেক্ট্রনিক্স:** ১০টি। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ৮টি। **ইনস্ট্রুমেন্টেশন:** ৬টি। **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০-১১-২০২৬ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৩ অনুসারে।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scl.gov.in দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে।

প্রসেসিং ফি ও অ্যাপ্লিকেশন ফি বাবদ অনলাইন দিতে হবে জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১,২০০ টাকা, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১,৩০০ টাকা এবং টেকনিশিয়ান 'বি' পদের ক্ষেত্রে ১,২০০ টাকা। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় বসলে প্রসেসিং ফি বাবদ ৬০০ টাকা বাদ দিয়ে অ্যাপ্লিকেশন ফি ফেরত পাওয়া যাবে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্ত ও ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই ও দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্কলারশিপের খোঁজখবর

উইনি সান স্কলারশিপ ২০২৬-২৭

২০২৬-২৭ শিক্ষাবর্ষে এম বি বি এস কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লোটাস পেটাল ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৭০ শতাংশ (তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ৬৫,০০০ টাকা। মেয়াদ ৪ বছর। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/WISS2 আবেদন করা যাবে ১৫ নভেম্বর পর্যন্ত।

সীতারাম জিন্দাল ফাউন্ডেশন স্কলারশিপ স্কিম ২০২৬-২৭

একাদশ ও দ্বাদশ শ্রেণি, আই টি আই, ডিপ্লোমা, স্নাতক ও স্নাতকোত্তর (জেনারেল শাখা, মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং) স্তরে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে সীতারাম জিন্দাল ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ থেকে ৪ লাখ টাকার মধ্যে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SJFSE2 আবেদন করা যায় সারা বছরই।

টাটা ক্যাপিটাল পঙ্খ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

একাদশ, দ্বাদশ শ্রেণি, স্নাতক, পলিটেকনিক, ডিপ্লোমা এবং আই টি আই কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: ১৫,০০০-১৮,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TCPS37

আবেদনের শেষ তারিখ ১৫ নভেম্বর।

(তথ্য সহায়তা: buddy4study)

দক্ষিণ-পূর্ব রেলে

দক্ষ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৫৪ জন দক্ষ খেলোয়াড় নেবে দক্ষিণ-পূর্ব রেল। লেভেল-১, লেভেল-২/৩ এবং লেভেল-৪/৫ ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। এই নিয়োগের এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: SER/Pers/Sports Quota/OA/2026-27

নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, চেস, হকি, টেবিল টেনিস, আর্চারি, বডিবিল্ডিং, ব্রিজ, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, রাইফেল শ্যুটিং, বল ব্যাডমিন্টন, ক্রিকেট, ফুটবল, গল্ফ, কাবাডি, খো খো, ভলিবল, ওয়াটার পোলো, ওয়েট লিফটিং।

শূন্যপদের বিন্যাস: লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে ৩৩টি, লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে ১৬টি, লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে ৫টি।

শিক্ষাগত যোগ্যতা: লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পাশ। অথবা মাধ্যমিক পাশ, সেই সঙ্গে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স বা আইটিআই কোর্স বা এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে মাধ্যমিক বা আইটিআই বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ।

খেলাধুলার যোগ্যতা: লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে অলিম্পিক্সে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা এই সব প্রতিযোগিতার যে-কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরি), এশিয়ান গেমস (সিনিয়র ক্যাটেগরি), কমনওয়েলথ গেমস (সিনিয়র ক্যাটেগরি), ইয়ুথ অলিম্পিক্স, ডেভিস কাপ (টেনিস), চ্যাম্পিয়নস ট্রফি (হকি), থমাস বা উবের কাপ (ব্যাডমিন্টন)।

লেভেল-৩/২ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— বিশ্বকাপ বা বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েলথ গেমস (সিনিয়র)। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস, ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা, সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান অধিকার করে থাকতে হবে।

লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ, এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস, ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস। অথবা, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র) তৃতীয় স্থান। অথবা, সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি বাদে) অষ্টম স্থান। ১-৪-২০২৪ তারিখ বা তার পরে অর্জিত যোগ্যতাই কেবল গ্রাহ্য হবে।

বয়স: ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৯ তারিখের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে কোনও ছাড় নেই।

বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে লেভেল-৪/৫ ক্যাটেগরির ক্ষেত্রে যথাক্রমে ২৪০০ টাকা ও ২৮০০ টাকা, লেভেল-২/৩ ক্যাটেগরির ক্ষেত্রে যথাক্রমে ১৯০০ টাকা ও ২০০০ টাকা এবং লেভেল-১ ক্যাটেগরির ক্ষেত্রে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলার ট্রায়াল ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টও নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcser.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ৩০ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ৭০ কেবির মধ্যে), সই (১০ থেকে ৪০ কেবির মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা-সংক্রান্ত সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, সংখ্যালঘু, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ট্রায়ালে অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

বেলে ৩৫০ ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি।

সব ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণির নম্বর থাকতে হবে। প্রথম শ্রেণির নম্বর-সহ এএমআইই বা এএমআইইটিই বা জিআইইটিই পাশ হলেও আবেদন করা যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের পাশ নম্বর থাকলেই চলবে।

বয়স: ১-১০-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২২ ডিসেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, বর্ধমান, কল্যাণী, দুর্গাপুর ও শিলিগুড়ি। পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় (১০০ নম্বর) ও জেনারেল অ্যাপ্টিটিউড অ্যান্ড রিজনিং (২৫ নম্বর) বিষয়ে প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bel-india.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০০-২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৮০-১৫০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না। দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে জিএসটি-সহ ১,১৮০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআই বা ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

বি আর আম্বেদকর বিশ্ববিদ্যালয়ে

অশিক্ষক কর্মী

সেকশন অফিসার, সিনিয়র অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র অ্যাসিস্ট্যান্ট/জুনিয়র অ্যাসিস্ট্যান্ট কাম কেয়ারটেকার পদে ৫০ জনকে নেবে দিল্লির ডক্টর বি আর আম্বেদকর বিশ্ববিদ্যালয়। এটি স্টেট ইউনিভার্সিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AUD/55-1(127)/Rect./2026/1008.

শূন্যপদের বিবরণ: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট/জুনিয়র অ্যাসিস্ট্যান্ট কাম কেয়ারটেকার: ৪০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ বা ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

সেকশন অফিসার: ৪টি (তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে সিনিয়র অ্যাসিস্ট্যান্টের সমতুল স্তরে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে সিনিয়র অ্যাসিস্ট্যান্টের সমতুল স্তরে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টসের ক্ষেত্রে বি কম বা এম কম বা স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি-সহ সিএ বা আইসিডব্লুএ ইন্টার পাশ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ বিবিএ বা এমবিএ ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ইংলিশ শর্টহ্যান্ড জানলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে।

সিনিয়র অ্যাসিস্ট্যান্ট: ৬টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টসের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কমার্সে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি অথবা যে-কোনও বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি-সহ সিএ বা আইসিডব্লুএ ইন্টার পাশ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ বিবিএ বা এমবিএ ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সেক্রেটারিয়াল কাজের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকলে, ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে, ইংলিশ শর্টহ্যান্ড জানলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

৬-১১-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aud.delhi.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ৬ নভেম্বর পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে সেকশন অফিসার ও সিনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৩০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

রেলে ১২৬৫ গ্র্যাজুয়েট

প্রথম পাতার পর

কমিশনের লেভেল-৬ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং কম্পিউটার-ভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় বেসিক সায়েন্স অ্যান্ড ম্যাথমেটিক্স (৩০ নম্বর), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৩০ নম্বর), লজিক্যাল কেপেবিলিটি (২০ নম্বর) এবং মেন্টাল রিজনিং (২০ নম্বর) বিষয়ে প্রশ্ন থাকবে। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। যে-কোনও একটি আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা), www.rrbmalda.gov.in (মালদা), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি)। অনলাইন আবেদন করা যাবে ২৫ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর লাইভ ফটো, সই (জেপিজি ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা।প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৭ নভেম্বর।

ফি-র বিনিময়ে দরখাস্ত সংশোধন করা যাবে ২৮ নভেম্বর থেকে ৭ ডিসেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rrbapply.gov.in

রেলে ১৬৮৮ উচ্চ মাধ্যমিক

প্রথম পাতার পর

৪১টি। ট্রেনস ক্লার্ক: ১৩টি। **গোরখপুর:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৩০টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৪টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ২৭টি। ট্রেনস ক্লার্ক: ১১টি। **গৌহাটি:** অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৫টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৪২টি। ট্রেনস ক্লার্ক: ২টি। **জম্মু-শ্রীনগর:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ১৩টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৬টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৩২টি। **মুম্বই:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৩০টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৪২টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫৬টি। ট্রেনস ক্লার্ক: ১২টি। **মুজফ্ফরপুর:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৭টি। **পাটনা:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৩০টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১২টি। ট্রেনস ক্লার্ক: ১টি। **প্রয়াগরাজ:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৯৫টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৩টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৩৩টি। ট্রেনস ক্লার্ক: ১৮টি। **রাঁচি:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৫টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১টি। ট্রেনস ক্লার্ক: ৬৯টি। **সেকেন্দ্রাবাদ:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৬০টি। অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট: ৩টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৮টি। ট্রেনস ক্লার্ক: ১টি। **তিরুঅনন্তপুরম:** কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক: ৫৯টি। জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১১টি। ট্রেনস ক্লার্ক: ৫টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থী এবং যাঁদের উচ্চতর শিক্ষাগত যোগ্যতা রয়েছে, তাঁরা ৫০ শতাংশ নম্বর না থাকলেও আবেদন করতে পারেন।

মেডিক্যাল স্ট্যান্ডার্ড: কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদের ক্ষেত্রে বি-টু, ট্রেনস ক্লার্ক পদের ক্ষেত্রে এ-থ্রি এবং অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদের ক্ষেত্রে সি-টু।

বয়স: ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

শুরুতে বেতন: কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ১৯,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), ম্যাথমেটিক্স (৩০ নম্বর) এবং জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), ম্যাথমেটিক্স (৩৫ নম্বর) এবং জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩৫ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। যে-কোনও একটি আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা), www.rrbmalda.gov.in (মালদা), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি)। **অনলাইন আবেদন করা যাবে ১৩ নভেম্বর পর্যন্ত।** অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর লাইভ ফটো, সই (জেপিজি ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ নভেম্বর।

ফি-র বিনিময়ে দরখাস্ত সংশোধন করা যাবে ১৬ থেকে ২৫ নভেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://rrb.indianrailways.gov.in

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল

টিয়ার-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

Directions (1 to 10): *Read the passages carefully and fill in the blanks with, out of the four alternatives given.*

Passage-1

Without water 1 animal can survive in desert regions the greatest 2 to life is drying up. But many creatures are able to make use of 3 little water that exists in arid areas. One of natures master pieces 4 creatures equipped to 5 with desert life is the hardy camel. There are several stories describing the 6 endurance of these animals. It is said that camels can 7 a distance of about 800 miles in eight days through continuous travel 8 an intake of a single drop of water. The popular 9 in a way is 10 . Water is indeed stored there but in the form of fat.

1. (a) every (b) no (c) any (d) desert
2. (a) want (b) inadequacy (c) requirement (d) worry
3. (a) what (b) the (c) very (d) that
4. (a) for (b) about (c) among (d) with
5. (a) live (b) resist (c) bear (d) cope
6. (a) remarkable (b) little (c) tolerable (d) popular
7. (a) measure (b) reduce (c) cover (d) reach
8. (a) for (b) without (c) accepting (d) receiving
9. (a) proverb (b) guess (c) belief (d) version
10. (a) baseless (b) wrong (c) misleading (d) correct

Directions (11 and 12): *Choose the one which can be substituted for the given words/sentences.*

11. Apple pie order (a)/In random order (b)/Related to fruits packing (c)/Related to dry fruit packing (d)/In perfect order
12. At the spur of the moment (a)/Difficult moment (b)/without delay (c) Great Moment (d)/Very slow

Directions (13 to 15): *Out of the four alternatives, choose the one which can be word.*

13. Our electricity was ___ for about ten hours today.
(a) cut up (b) cut off (c) cut out (d) cut down
14. He said he would write to us. But he has not written ____.
(a) now (b) yet (c) till (d) then
15. The problem must be studied ____ all angles.
(a) from (b) with (c) for (d) in

Directions (16 to 20): *Choose the one which best expresses the meaning of the given word.*

16. Parochial
(a) Generous (b) Narrow-minded (c) Brave (d) Short-sighted
17. Discomfited
(a) Irritated (b) Uncomfortable (c) Embarrassed (d) Displeased
18. Invoice
(a) Language (b) Immoral (c) Statement (d) Weariness
19. Licentious
(a) Desire (b) Heal (c) Reluctant (d) Immoral
20. Fiasco
(a) Quarrel (b) Holiday (c) Theft (d) Failure

Directions (21 to 25): *Choose the word opposite in meaning to the given word.*

21. Agony
(a) meet time constraints (b) aim better resource sharing (c) aim better system utilization (d) aim low system overhead
22. Candid
(a) Bluff (b) Devious (c) Equal (d) Blunt
23. Frivolus
(a) Superficial (b) Trivial (c) Significant (d) Biased
24. Vindictive
(a) Excusable (b) Forgiving (c) Challenge (d) Excuse
25. Fierce
(a) Violent (b) Non-violent (c) Harmful (d) None of these
26. Select the letter from the given responses, which can form a new meaningful word when it is added to the end of each of the following word.
PAR, MAR, CAR
(a) K (b) T (c) E (d) S

Directions (27 to 33): *What will be the correct alternative in place of question mark?*

27. $\frac{1}{9} : \frac{1}{81} :: \frac{1}{13} : ?$
(a) $\frac{1}{125}$ (b) $\frac{1}{120}$ (c) $\frac{1}{127}$ (d) $\frac{1}{169}$
28. Sheep : Mutton : : Deer : ?
(a) Fish (b) Venison (c) Veal (d) Meat
29. FlOWER : REWOLF : : FRUITS : ?
(a) STUIRF (b) STRUIF (c) STUIFR (d) STIURF
30. Cobbler : Leather : : Tailor : ?
(a) Draper (b) Shirt (c) Thread (d) Cloth
31. Procession : Route : : Earth : ?
(a) Space (b) Orbit (c) Highway (d) Sun
32. Flow : River : : Stagnant : ?
(a) Canal (b) Stream (c) Rain (d) Pool
33. NATION : ANTINO : : HUNGRY : ?
(a) HNUGRY (b) UHNGYR (c) YRNGUH (d) UNHGYR

Directions (34 to 38): *Find the odd word/letter.*

34. (a) 1 – 0 (b) 3 – 8 (c) 6 – 35 (d) 7 – 50
35. (a) Tennis (b) Cricket (c) Volleyball (d) Football
36. (a) 68 (b) 85 (c) 153 (d) 174
37. (a) Artificial (b) Insincere (c) Affected (d) Naive
38. (a) Ladder (b) Staircase (b) Bridge (d) Escalator
39. What will come in place of question mark?


12 18 30	16 24 40	45 18 27
6	8	?

(a) 18 (b) 12 (c) 9 (d) 6

40. How many 8's are there followed by an even number and preceded by an odd number?
3 8 2 5 8 3 2 8 3 2 8 2 7 8 4 8 5 6 8 7 8 4 2 8 6
(a) 5 (b) 4 (c) 3 (d) 2

Direction (41 to 44): *Find the missing number/letters/figure from the given responses.*


41. 4E, 8I, 13N, 19T, ?
(a) 26U (b) 26A (c) 26Z (d) 25Y
42. HIIJ, IJJK, KLLM, LMMN, ?
(a) LNNO (b) MNNP (c) NOOP (d) MNNO
43. 1, 1, 6, 6, 11, 11, 16, ? ?
(a) 13, 11 (b) 16, 21 (c) 17, 21 (d) 21, 16
44. $\frac{W}{S}, \frac{U}{O}, \frac{S}{K}, \frac{Q}{G}, ?$
(a) $\frac{P}{R}$ (b) $\frac{C}{O}$ (c) $\frac{R}{J}$ (d) $\frac{O}{C}$
45. Which one of the given responses would be a meaningful order of the following words?
1. Income 2. Fame 3. Education 4. Employment
(a) 1, 2, 3, 4 (b) 3, 4, 1, 2 (c) 3, 4, 2, 1 (d) 4, 3, 2, 1
46. If HONESTY is written as ABCXZDQ, how can TONY be written in that code?
(a) DBCQ (b) QDCX (c) CBXZ (d) CQDC
47. If the day before yesterday was Thursday, when will Sunday be?
(a) Tomorrow (b) Day after tomorrow (c) Today (d) Two days after today
48. Which represents Carrot, Food, Vegetable?



(a) (b) (c) (d)

49. Which one set of letters when sequentially placed at the gaps in the given letter series shall complete it?
___ wi __ ___ w ___ nt ___ in __ wi __.
(a) nttwiw (b) ttinwin (c) tntiwtn (d) tntwitn
50. If he code of STEADY is 931785 and that of ENTRY is 12345, what will be code of SEDATE?
(a) 814195 (b) 954185 (c) 614781 (d) 9128731
51. 16 men or 20 women can finish a work in 25 days. How many days 28 men and 15 women will take to finish this job?
(a) 8 days (b) 10 days (c) 15 days (d) 17 days
52. In what ratio, must alcohol of 30% strength be mixed with that of 50% strength to get a mixture of alcohol of 35% strength?
(a) 2 : 1 (b) 3 : 1 (c) 3 : 5 (d) 5 : 3
53. The number of voters in a town is 1,20,000. Out of them 75% go for poll for an election between A and B, if B gets 45% of the votes polled, votes polled for A is:
(a) 49,000 (b) 47,900 (c) 49,500 (d) 47,000
54. A bus can complete a journey in 6 hours. If it travels at 60 km/hr. At what speed (km/hr) the bus must travel in order to complete the journey in 9 hours?
(a) 30 (b) 35 (c) 60 (d) 40
55. The numerical value of $\frac{9}{\text{cosec}^2\theta} + 4\cos^2\theta + \frac{5}{1+\tan^2\theta}$ is:
(a) 9 (b) 1 (c) 4 (d) 5
56. A train 150 metre long passes a tree in 12 second. It will pass a tunnel of 250 metre long in:
(a) 32 second (b) 26 second (c) 20 second (d) 25 second
57. The circumference of a circle is equal to the perimeter of a square of side 22 cm. The area of the circle is:
(a) 28 n cm^2 (b) 196 n cm^2 (c) 49 n cm^2 (d) $\frac{49}{4}$ n cm^2
58. In how many years shall Rs. 2500, invested at the rate of 8% simple interest per annum, amount to Rs. 3300?
(a) 6 (b) $4\frac{1}{2}$ (c) 5 (d) 4
59. Three-fifth of two third of three seventh of a number is 150. What is 60% of that number?
(a) 750 (b) 525 (c) 52.5 (d) 8.75
60. Given that the mean of five numbers is 27. If one of them is excluded, the mean gets reduced by 2. Determine the excluded number:
(a) 25 (b) 35 (c) 45 (d) 55

Dirctions (61 to 65): *The following pie chart shows the contents of insects, Lizard and rodents in an average Indian household. Examine the chart and answer.*



61. If the percentage of rat is y% of the total percentage of ant and cockroach, then y is equal to:
(a) 25 (b) 20 (c) 30 (d) 35
62. If the difference of the percentage of rat and miscellaneous be z% of the percentage of cockroach, then z is equal to:
(a) 20% (b) 15% (c) 25% (d) 35%
63. The total percentage of spider, rat and cockroach, is greater than the percentage of ant by:
(a) 28 (b) 24 (c) 34 (d) 32
64. The total percentage of common lizard, spider and cockroach in greater than the percentage of rat by:
(a) 35 (b) 25 (c) 37 (d) 47
65. If the percentage of spider is x% of the percentage of cackroach, then x is equal to:
(a) $78\frac{4}{7}$% (b) $75\frac{4}{7}$% (c) $73\frac{4}{7}$% (d) $75\frac{2}{7}$%
66. If diameter of a circle is 40.5 cm, then the radius is:
(a) 20.50 cm (b) 20.25 cm (c) 20.52 cm (d) 20.05 cm
67. 4 L 450 ml is:
(a) 4450 ml (b) 4540 ml (c) 5440 ml (d) 4054 ml
68. What is the difference between place value of 9 and actual value of 9 in number 569387?
(a) 8919 (b) 8991 (c) 1989 (d) 9891
69. 3075 is divided by 25 the quotient is:
(a) 122 (b) 123 (c) 132 (d) 133
70. If two angles of a triangle are 70° and 45°, then the third angle is:
(a) 40° (b) 55° (c) 45° (d) 65°
71. In the pattern given below, the next two numbers are:
2, 3, 5, 7, 11, 13, ___ ____.
(a) 12, 14 (b) 15, 17 (c) 13, 15 (d) 17, 19
72. In 24 hour format 2.30 pm can be written as:
(a) 12.30 hours (b) 14.30 hours (c) 16.30 hours (d) 18.30 hours
73. The value of 50 gm 80 mg in mg is:
(a) 50080 mg (b) 5080 mg (c) 580 mg (d) None of these
74. The square root of the number 0.000529 is:
(a) 0.0023 (b) 0.023 (c) 0.23 (d) None of these
75. If a money lender lends Rs. 1500 for four years at the 5% simple rate of interest. What is the percentage of profit at the end of fourth year:
(a) 15% (b) 20% (c) 18% (d) 12%
76. Who is the inventor of Television?
(a) Volta (b) Pascal (c) Graham Bell (d) J L Baird
77. Who had assassinated the last Mauryan king Brihadrath?
(a) Kanishka (b) Bhaskar Varman-I (c) Pushyamitra Sung (d) Harshavardhan
78. Who was the first president of Indian National Congress?
(a) Surendra Nath (b) A O Hume (c) W C Bonnerjee (d) Badruddin Tayyabji
79. Who was appointed as temporary President of Constituent Assembly on 9th December, 1946 ?
(a) Dr. Rajendra Prasad (b) Sardar Vallabhbhai Patel (c) Sachchidanand Sinha (d) J L Nehru
80. In which year Lucknow pact was signed?
(a) 1914 (b) 1915 (c) 1916 (d) 1917
81. Who was the Chairman of Nehru Committee 1928?
(a) Jawaharlal Nehru (b) Motilal Nehru (c) B K Nehru (d) Arun Nehru
82. Which of the following is not a Union Territory?
(a) Chandigarh (b) Lakshadweep (c) Goa (d) Andaman Nicobar Islands

এরপর নয়ের পাতায়

কারেন্ট অ্যাফেয়ার্স ①

১১ অক্টোবর-২২ অক্টোবর

১১ অক্টোবর দেশে উপ-নির্বাচন কমিশনার পদে নিযুক্ত হলেন ২০১০ ব্যাচের রাজস্থান ক্যাডারের আইএএস অফিসার প্রকাশ রাজপুরোহিত। কেন্দ্রীয় মন্ত্রিসভার নিয়োগ সংক্রান্ত কমিটি এ ব্যাপারে নির্দেশিকা জারি করেছে। সেই নির্দেশিকা অনুযায়ী রাজপুরোহিতের কাজের মেয়াদ ২০৩০ সালের ১৮ এপ্রিল পর্যন্ত। আগে এই পদে ছিলেন সঞ্জয় কুমার। তিনি জাতীয় নির্বাচন কমিশনের তথ্যপ্রযুক্তি বিভাগ এবং ভোটার তালিকার দায়িত্বে ছিলেন। গত অগস্টে মেয়াদ শেষের আগেই তাঁকে সেই পদ থেকে অব্যাহতি দিয়ে দিল্লি সরকারে পাঠানো হয়।

সিজেপি (ককরোচ জনতা পার্টি)-র তিন নেতা অভিজিৎ দীপকে, সৌরভ দাস ও আশুতোষ রাঙ্কাকে ২৩ ঘণ্টা দিল্লির তিনটি জায়গায় আটক রাখার পর এদিন সকালে তাঁদের দিল্লি ক্যান্টনমেন্ট থানায় বিশেষ এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করা হল। তারপর তাঁদের ছাড়া হয়। দিল্লি পুলিশের যুক্তি তাঁদের গ্রেফতার করা হয়নি। শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য আটক রাখা হয়েছিল। ছাড়া পেয়েই সিজেপি নেতারা জানিয়েছেন, প্রতিবাদ চলবে। শান্তিপূর্ণভাবে প্রতিবাদ হবে। সিজেপি-র প্রতিষ্ঠাতা ও আহ্বায়ক অভিজিৎ দীপকে ঘোষণা করেছেন, 'আমরা আবার রাস্তায় নামব। নরেন্দ্র মোদী ও অমিত শাহের মতো লোক আমাদের ভয় দেখাতে পারবে না। একবার নয়, একশোবার জেলে পুরুন। আমরা স্বৈরাচারে ভয় পাই না। এই স্বৈরাচার শেষ করব।'

সৌদি আরবের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে হুথি জঙ্গিদের ক্ষেপণাস্ত্র হামলায় ১২ জন নিহত এবং তিনশোর বেশি মানুষ আহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন ভারতীয়ও রয়েছেন। এই হামলাকে 'যুদ্ধাপরাধ' বলে উল্লেখ করে যোগ্য জবাব দেওয়ার হুঁশিয়ারি দিয়েছে সৌদি প্রশাসন। হামলার তীব্র নিন্দা করেছে ভারত। রিয়াধ বিমানবন্দরের হামলায় ক্ষোভ প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্টও। পরিস্থিতি পর্যালোচনা করে বিদ্রোহীদের বিরুদ্ধে সৌদি বাহিনীকে সরাসরি সামরিক সহায়তা দেওয়ার বিষয়টি তিনি খতিয়ে দেখছেন বলেও জানান।

গণতন্ত্র রক্ষার জন্য 'চলো দিল্লি' মিছিল ইন্ডিয়া জোটের




১২ অক্টোবর: 'ভোটচুরি'-র অভিযোগকে সামনে রেখে 'গণতন্ত্র রক্ষা'-র জন্য 'চলো দিল্লি' মিছিল করল ইন্ডিয়া মঞ্চ। দিল্লির একেবারে প্রাণকেন্দ্র কনট প্লেস থেকে বারখাম্বা রোড, মান্ডি হাউস হয়ে সুপ্রিম কোর্ট পর্যন্ত বিরোধী দলের নেতা-কর্মী-সমর্থকদের এই মিছিল ভিড়ের নতুন রেকর্ড তৈরি করেছে। রাহুল গান্ধী জ্ঞানেশ কুমার তথা মোদী সরকারের বিরুদ্ধে এই জমায়েতকে 'শিবের তাণ্ডব নৃত্য' বলে আখ্যা দিয়েছেন। মিছিল শেষে রাহুল গান্ধী-সহ বিরোধী শিবিরের ১১ জন নেতানেত্রী সুপ্রিম কোর্টে নির্বাচন কমিশনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। নির্বাচন কমিশনের বিরুদ্ধে মোট দশ দফা আর্জি জানিয়েছেন বিরোধীরা।

পাহারা এড়িয়ে যন্তর মন্তরে ঢুকে গ্রেফতার সিজেপি-র তিন নেতা



১৩ অক্টোবর: দিল্লির যন্তর মন্তর-কে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক ধর্নাস্থল-এর তালিকা থেকে বাদ দেওয়ার পরদিনই কড়া পাহারা এড়িয়ে সেখানে জাতীয় পতাকা হাতে ঢুকে পড়লেন ককরোচ জনতা পার্টি (সিজেপি)-র সৌরভ দাস, আশুতোষ রাঙ্কা, অজিঙ্ক শিন্দে-সহ অন্তত চোদ্দ জন বিক্ষোভকারী। তাঁদের গ্রেফতার করে দিল্লি পুলিশ রাত পর্যন্ত হেফাজতে রাখে। অন্যান্য বিরোধী দল, এসএফআই, আইসা-র মতো ছাত্র-যুব সংগঠনের নেতৃত্ব জানিয়েছেন যন্তর মন্তরে ধর্নার অধিকার কেড়ে নেওয়া তাঁরা মেনে নেবেন না।



"ভোট প্রতিটি ভারতীয় নাগরিকের অধিকার। কিন্তু আজ কোটি কোটি মানুষের থেকে সেই অধিকার ছিনিয়ে নেওয়া হচ্ছে। আমরা অনেকদিন ধরে এই বিষয়টা তুলছি। এখন গোটা দেশ বুঝে গিয়েছে সর্বোচ্চ স্তর থেকে ভোট চুরি হচ্ছে। গরিবদের ভোটার তালিকা থেকে বার করে দেওয়া হচ্ছে। নরেন্দ্র মোদী শুধু ধনীদের ভারত বানাতে চান।"

রাহুল গান্ধী, *লোকসভার বিরোধী দলনেতা*

পূর্ব দিল্লির ত্রিলোকপুরীতে যাঁদের নাম বাদ গিয়েছে তাঁদের জন্য বিরোধী দলগুলির পক্ষ থেকে আয়োজিত জনশুনানিতে

শীর্ষ আদালতে জামিন সন্দীপ ঘোষের



১৬ অক্টোবর: আরজিকরে আর্থিক দুর্নীতির মামলায় শর্তসাপেক্ষে জামিন পেলেন হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার ষড়যন্ত্রে সন্দীপের যোগ রয়েছে বলে অভিযোগ উঠেছে। তা সত্ত্বেও জামিনের খবর সামনে আসায় আন্দোলনের সামনের সারিতে থাকা চিকিৎসকেরা থেকে শুরু করে আন্দোলনে যোগ দেওয়া বামেরা সকলেই প্রশ্ন তুলেছেন, তাহলে আরজিকরে ন্যায় বিচার হল কোথায়!

মূল্যবৃদ্ধি বাড়ায় ঋণনীতিতে রেপো রেট (যে সুদে ব্যাঙ্কগুলিকে ধার দেয় আরবিআই) ২৫ বেসিস পয়েন্ট বাড়িয়ে ৫.৫% করল রিজার্ভ ব্যাঙ্ক। ২০২৩-এর ফেব্রুয়ারির পর এই প্রথমবার সুদ বাড়াল আরবিআই। এর ফলে ঋণে সুদ বাড়বে। ফলে বাড়বে মাসিক কিস্তি (ইএমআই)। রেপো বাড়লে জমাতেও সুদ বাড়ে। যদিও কোনও ব্যাঙ্ক এখনও সেভাবে এই পথে হাঁটেনি। সংশ্লিষ্ট মহলের মতে, এবছর দেশে বৃষ্টিতে ঘাটতি ১৩%। আছে সারের অভাব। বহুদিন ধরেই অশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ১০০ ডলারের বেশি। ডলার প্রায় ৯৭ টাকা। ফলে মূল্যবৃদ্ধি আরও চড়ার আশঙ্কা বাড়ছে।

শান্তিপূর্ণ প্রতিবাদ করলে কাউকে বেআইনিভাবে আটক করা যাবে না বলে নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। তবে একইসঙ্গে আদালত এও জানিয়েছে যে, আইন-শৃঙ্খলা রক্ষার স্বার্থে আইনি প্রক্রিয়া মেনে আটক করা যাবে। সুপ্রিম কোর্টের আরও নির্দেশ, ট্রেন ও মেট্রো স্বাভাবিকভাবে চলতে দিতে হবে। যদি না আইন-শৃঙ্খলা রক্ষার জন্য বিধিনিষেধ জারির প্রয়োজন হয়। শহরে যাতায়াতও যথাসম্ভব স্বাভাবিক রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এদিন বিশেষ শুনানিতে সুপ্রিম কোর্ট একগুচ্ছ নির্দেশ দিয়েছে। বিরোধীদের দাবি, সেই নির্দেশের ফাঁক কাজে লাগিয়েই এদিন দফায় দফায় দিল্লিতে বিক্ষোভকারীদের আটক ও বলপ্রয়োগ করেছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন দিল্লি পুলিশ।

১২ অক্টোবর দিল্লির যন্তর মন্তর ধর্নাস্থলের মর্যাদা হারাল। পরিবর্তে সরকার জানাল, ভবিষ্যতে বিক্ষোভকারীরা রামলীলা ময়দান, বুরাড়ি মাঠ অথবা পূর্ব দিল্লির সিবিডি মাঠে বিক্ষোভ দেখাতে পারবেন। বিরোধীদের বক্তব্য, প্রতিবাদের অধিকার কেড়ে নিতেই এই পদক্ষেপ করেছে সরকার। এইভাবে যন্তর মন্তরের ধর্নাস্থলের মর্যাদা কেড়ে নেওয়ার পিছনে একদিকে যেমন সরকারের ভীত চেহারা সামনে এসে পড়েছে, তেমনই এই সিদ্ধান্ত সংবিধানের ১৯ নম্বর অনুচ্ছেদ লঙ্ঘন করেছে বলে বিরোধীরা সরব হয়েছেন।

১৩ অক্টোবর যন্তর মন্তর আন্দোলনের সময়ে মহিলা সাংবাদিকদের যৌন হেনস্থার অভিযোগে সুপ্রিম কোর্ট দিল্লি পুলিশের কোনও উচ্চপদস্থ কর্তাকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিল। 'নেটওয়ার্ক অব উইমেন ইন মিডিয়া' সংগঠনের তরফে দায়ের করা এই মামলায় প্রধান বিচারপতি সূর্য কান্ত বলেছেন, 'আমরা চাইব, কোনও উচ্চপদস্থ পুলিশ অফিসার আদালতে এসে এর ব্যাখ্যা দিন।' উল্লেখ্য, এসআইআর-এর বিরুদ্ধে গত ৩ অক্টোবরের আন্দোলনের সময় প্রথমে তিন মহিলা সাংবাদিক পুলিশের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ তুলেছিলেন। এরপর ১০ অক্টোবর ককরোচ জনতা পার্টির ডাকে যন্তর মন্তরে আন্দোলনের সময়ে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে হিন্দু রক্ষা বাহিনী নামক সংগঠনের সদস্যদের বিরুদ্ধেও মহিলা সাংবাদিকদের মারধর এবং যৌন হেনস্থার অভিযোগ উঠেছে।

১৪ অক্টোবর রেলকর্মীদের কর্মদক্ষতার স্বীকৃতিস্বরূপ ১১,৪০,৭৭০ জন রেল কর্মচারীকে ৭৮ দিনের কর্মদক্ষতা ভিত্তিক বোনাস (পিএলবি) বাবদ ২০০৯.৬১ কোটি টাকা প্রদানের সিদ্ধান্ত নেওয়া হল কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে। এই অর্থ ট্র্যাক মেনটেনার, লোকো পাইলট, ট্রেন ম্যানেজার (গার্ড), স্টেশন মাস্টার, সুপারভাইজার, টেকনিশিয়ান, টেকনিশিয়ান হেল্পার, পয়েন্টসম্যান, মিনিস্টিরিয়াল স্টাফ এবং অন্যান্য গ্রুপ 'সি' কর্মচারী-সহ বিভিন্ন শ্রেণির রেলকর্মীদের দেওয়া হবে।

অর্থনীতির নোবেল পেলেন হল ও উডফোর্ড



১২ অক্টোবর: দুই মার্কিন অর্থনীতিবিদ, স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির ইমেরিটাস অধ্যাপক রবার্ট হল ও কলম্বিয়া ইউনিভার্সিটির অধ্যাপক মাইকেল উডফোর্ড এবছর অর্থনীতির নোবেল পুরস্কার পেলেন। অর্থনৈতিক মন্দা ও মূল্যবৃদ্ধির মোকাবিলায় সরকার ও কেন্দ্রীয় ব্যাঙ্কের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য নোবেল পেলেন তাঁরা। পুরস্কারের আর্থিক মূল্য ১২ লক্ষ টাকা, দু-জনে সমান ভাগে ভাগ করে নেবেন। তাঁদের গবেষণার মূল বিষয় হল, ব্যক্তি ও ব্যবসায়িক সংস্থার সিদ্ধান্ত কীভাবে অর্থনীতির সামগ্রিক গতিপ্রকৃতি নির্ধারণ করে এবং সেই গতিপ্রকৃতিকে স্থিতিশীল রাখতে সরকারি নীতি কী ভূমিকা নিতে পারে।

যন্তর-মন্তরে ঢুকে পড়ায় ককরোচ জনতা পার্টি (সিজেপি)-র ধৃত দুই নেতা সৌরভ দাস এবং আশুতোষ রাঙ্কাকে পাঁচ দিনের তিহাড় জেল হেফাজতে পাঠাল আদালত। সিজেপি নেতাদের গ্রেফতারির প্রতিবাদে, এই প্রথম সিজেপিকে সমর্থন করে সমাজমাধ্যমে পোস্ট করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। 'ইন্ডিয়া' মঞ্চের সমস্ত শীর্ষস্থানীয় নেতাও 'ককরোচ'দের পাশে দাঁড়িয়েছেন। ডিএমকে এবং আপ-নেতা এম কে স্টালিন এবং অরবিন্দ কেজরীওয়ালও সমর্থন জানিয়েছেন অভিজিৎ দীপককেকে।

১৫ অক্টোবর বিক্ষোভস্থল হিসেবে দিল্লির যন্তর মন্তরকে বাতিল করার সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে দায়ের করা আবেদনের শুনানিতে কেন্দ্রীয় সরকারের বক্তব্য জানতে চেয়ে নোটিশ দিল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ জানতে চেয়েছে আদালতের মৌখিক পর্যবেক্ষণের ভিত্তিতেই কি যন্তর মন্তরকে বিক্ষোভস্থলের তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে, নাকি জায়গাটির কার্যকারিতা নিয়ে স্বাধীনভাবে বিবেচনা করা হয়েছিল? কেন্দ্রের অবশ্য বক্তব্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের গঠিত কমিটি আগেই কাজ শুরু করেছিল এবং সেই কমিটি বিস্তারিত রিপোর্ট দিয়েছে। তার ভিত্তিতেই পদক্ষেপ করেছে সরকার।

১৭ অক্টোবর আইপিএল ২০২৭-এর আগে কোচিং বিভাগে ব্যাপক বদল আনল দিল্লি ক্যাপিটালস। প্রধান কোচ সৌরভ গঙ্গোপাধ্যায় এবং ব্যাটিং কোচ যুবরাজ সিংহের পর এবার চামিন্ডা ব্যাসকে কোচিং দলে নিয়ে আসা হল। শ্রীলঙ্কার প্রাক্তন পেসারকে বোলিং কোচের দায়িত্ব দেওয়া হয়েছে। শ্রীলঙ্কার ক্রিকেট ইতিহাসে অন্যতম সফল ফাস্ট বোলার ব্যাস ১৯৯৬ সালে বিশ্বকাপ জয়ী শ্রীলঙ্কা দলের সদস্য ছিলেন।

সিজেপি-র কর্মসূচি ঘিরে অশান্ত দিল্লি



১৬ অক্টোবর: দিল্লির কনট প্লেসের সেন্ট্রাল পার্কে সিজেপি (ককরোচ জনতা পার্টি)-র ডাকা 'লেহরা দো তিরঙ্গা' কর্মসূচি ঘিরে ফের অশান্ত হল দিল্লি। এই কর্মসূচিতে আইসা ও অন্যান্য ছাত্র-যুব সংগঠনও যোগ দেয়। বিক্ষোভ নিয়ন্ত্রণ করতে আগেভাগেই আইসা নেত্রী নেহা বোরা ও সিজেপি-র প্রধান অভিজিৎ দীপকে-কে হেফাজতে নেয় পুলিশ। যা নিয়ে উদ্বেগ প্রকাশ করে বার্তা দেন ইন্ডিয়া মঞ্চের নেতারাও। সিজেপি-র পক্ষ থেকে রাতে বিবৃতি দিয়ে বলা হয়েছে, জাতীয় পতাকা হাতে নিয়ে নির্ধারিত স্থানের দিকে হেঁটে যাওয়ার সময় অভিজিৎ দীপককে আটক করে কর্তৃপক্ষ প্রমাণ করেছেন যে, তাদের আশঙ্কা কোনও বিশৃঙ্খলা নিয়ে নয় বরং সাধারণ নাগরিকদের হাতে তেরঙার নীরব অথচ অপ্রতিরোধ্য শক্তি নিয়েই।

স্বনির্ভরতার সন্ধান


ভার্টিক্যাল মেটাল ঢেঁকি বসিয়ে ব্যবসায় লাভ বাড়ছে

ঢেঁকিছাঁটা চাল অনেক বেশি পুষ্টিকর, কিন্তু ঢেঁকিতে চাল ছাঁটা অত্যন্ত পরিশ্রমের কাজ, সময়সাপেক্ষও। তাই বাজারে ঢেঁকিছাঁটা চালের জোগান কম। বর্তমানে ঢেঁকিতে চাল ছাঁটার কাজ অনেক সহজ করে দিয়েছে বাঁকুড়া উন্নয়নী ইঞ্জিনিয়ারিং কলেজের তৈরি বিদ্যুৎচালিত স্বয়ংক্রিয় ঢেঁকি। কাঠের ঢেঁকি এখন ধাতব। সহজে বহনযোগ্য, খারাপও প্রায় হয় না। স্বয়ংক্রিয় ঢেঁকি বসিয়ে ব্যবসায় যথেষ্ট লাভ আছে।

নিজস্ব প্রতিনিধি: মেশিনে বা কলে ছাঁটার সময় চালের উপরের খোসা বা তুষের সঙ্গে ছাঁটাই হয়ে যায় চালের গায়ে জড়িয়ে থাকা পাতলা আস্তরণ। এই আস্তরণটি ভিটামিন ও অ্যান্টি-অক্সিডেন্টে সমৃদ্ধ। ঢেঁকিছাঁটা চালে সেই আস্তরণটি থাকে আস্ত। তাই স্বাস্থ্যসচেতন নাগরিকদের মধ্যে তার চাহিদাও বাড়ছে। ঢেঁকিছাঁটা চাল বা ব্রাউন রাইস পাওয়া যাচ্ছে নামী শপিংমলগুলিতে। চিকিৎসকেরাও এই চালের ভাত খাওয়ার পরামর্শ দিচ্ছেন।

বাঙালির প্রধান খাদ্য ভাত। কিন্তু মেশিনে পালিশ করা হলে, চালের প্রায় আশি শতাংশ খাদ্যগুণই নষ্ট হয়ে যায়। কলে ভাঙানো চালের চেয়ে ঢেঁকিতে ছাঁটা চাল বা ব্রাউন রাইসে খাদ্যগুণ বেশি থাকে। এ ছাড়াও ঢেঁকির কদর বাড়িয়েছে গোবিন্দভোগ, তুলাইপাঞ্জি, বাদশাভোগের মতো সুগন্ধী চাল, কলে ছাঁটা হলে যার সুগন্ধ অনেকটাই নষ্ট হয়ে যায়।

সাবেকি ঢেঁকিতে ধান ছাঁটা ছিল সময়সাপেক্ষ ও পরিশ্রমসাধ্য কাজ। সাত বছর আগে এর সমাধান বের করে বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং। এই প্রতিষ্ঠানের উদ্যোগে অটোমেটিক বা স্বয়ংক্রিয় ঢেঁকি তৈরি হয়েছে। এই ঢেঁকির উদ্ভাবনা খড়গপুর আইআইটি-তে। তৈরি হচ্ছে বাঁকুড়া উন্নয়নী ইঞ্জিনিয়ারিং কলেজে। স্বয়ংক্রিয় ঢেঁকির সাহায্যে কম সময়ে, প্রায় পরিশ্রম ছাড়াই অনেক বেশি পরিমাণ চাল উৎপন্ন করা যায়। কয়েক বছর ধরে সারা ভারতে স্বয়ংক্রিয় ঢেঁকির প্রচারের কাজও করছে এই কলেজ। উদ্দেশ্য, পুষ্টিকর চাল উৎপাদন এবং বেকার তরুণ-তরুণীদের স্বনির্ভর করা। শুধু এ রাজ্য নয়, রাজ্য ও দেশের বাইরে থেকেও স্বয়ংক্রিয় ঢেঁকির অর্ডার পাচ্ছেন কলেজ কর্তৃপক্ষ। চাহিদা অনুযায়ী জোগান দেওয়ার জন্য বিশেষ ইউনিট তৈরি করেছেন তাঁরা।



আরও একটি উদ্যোগ নিয়েছে বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং। শুধু স্বয়ংক্রিয় নয়, ঢেঁকিকে এবার পরিবেশবান্ধব করে তুলেছে এই প্রতিষ্ঠান। কাঠের হরাইজন্টাল ঢেঁকির পাশাপাশি তাঁরা তৈরি করছেন মেটালের ভার্টিক্যাল ঢেঁকি।

দীর্ঘ সাত বছরের গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষার পর আধুনিক প্রযুক্তির সাহায্যে তৈরি হয়েছিল কাঠের হরাইজন্টাল ঢেঁকি। ২০২৪ সালে এই প্রযুক্তি পেটেন্ট লাভ করে। ইতিমধ্যে বিভিন্ন ব্যক্তি ও স্বনির্ভর গোষ্ঠী এই যন্ত্র ব্যবহার করে চাল, চিঁড়ে ও অন্যান্য খাদ্যপণ্য তৈরি করে আয় করছেন। কাঠের হরাইজন্টাল ঢেঁকি এত সফল ও জনপ্রিয় হওয়ার পর আবার কেন ভার্টিক্যাল ঢেঁকি বানানোর দরকার হল?

প্রতিষ্ঠানের চেয়ারম্যান শশাঙ্ক দত্ত বললেন, 'কাঠের হরাইজন্টাল ঢেঁকির কাঠামো তৈরিতে তুলনামূলক ভাবে বেশি কাঠের প্রয়োজন হয়। একটি যন্ত্র তৈরি করতে প্রায় দু'টি গাছের কাঠ লাগতে পারে। কিন্তু ভার্টিক্যাল ঢেঁকিতে কাঠের ব্যবহার অনেক কমিয়ে আনা হয়েছে। শুধু মুণ্ডরটা কাঠের, বাকি অংশ মেটালের। ফলে কম কাঠ, কম জায়গা এবং সহজ পরিবহণের সুবিধা-সহ একই উদ্দেশ্যে ব্যবহারযোগ্য একটি নতুন সংস্করণ তৈরি করা সম্ভব হয়েছে।'

এর ফলে দামও নেমে এসেছে সাধারণ মানুষের অনেকটাই নাগালের মধ্যে। কাঠের স্বয়ংক্রিয় দু'টি ঢেঁকি এক সঙ্গে কিনলে খরচ পড়ত ১ লক্ষ ২০ হাজার টাকা। ধাতুর তৈরি ভার্টিক্যাল যন্ত্র দু'টি পাওয়া যাবে ১ লক্ষ টাকারও কমে।

কলেজ কর্তৃপক্ষ মনে করছেন, এই উদ্যোগের ফলে গাছ বাঁচবে, মানুষ কাজ পাবে, কৃষকের স্থায়ী খরচ কমবে, গ্রামীণ অর্থনীতি পোক্ত হবে।

শুধু চাল উৎপাদন করাই নয়, ভার্টিক্যাল ঢেঁকি ব্যবহার করে সেল্ফ হেল্প গ্রুপের মহিলা সদস্য, বেকার তরুণ-তরুণী এবং ক্ষুদ্র উদ্যোক্তারা ধান, চিঁড়ে, বাদামি চাল, হলুদ ও বিভিন্ন ভাঙানো মশলা স্থানীয় বাজারে বিক্রি করতে পারবেন। এই ধরনের পরিবেশবান্ধব প্রযুক্তিকে সেল্ফ হেল্প গ্রুপ ও গ্রামীণ কর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোগের সঙ্গে যুক্ত করা গেলে বহু পরিবারের জন্য আয়ের পথ খুলতে পারে।

শুধু চাল উৎপাদন করাই নয়, ভার্টিক্যাল ঢেঁকি ব্যবহার করে সেল্ফ হেল্প গ্রুপের মহিলা সদস্য, বেকার তরুণ-তরুণী এবং ক্ষুদ্র উদ্যোক্তারা ধান, চিঁড়ে, বাদামি চাল, হলুদ ও বিভিন্ন ভাঙানো মশলা স্থানীয় বাজারে বিক্রি করতে পারবেন।

আগেরটির মতোই এই ঢেঁকি চালাতেও ঘণ্টায় মাত্র ১ ইউনিট বিদ্যুৎ খরচ হয়। ধাতব ঢেঁকিতে ব্রোঞ্জের পাত ব্যবহার করা হয়েছে। তাই ঢেঁকি বিকল হয়ে পড়ার সম্ভাবনা থাকে না বললেই চলে। ৭ থেকে ৮ ঘণ্টায় ১ থেকে ২ কুইন্ট্যাল চাল উৎপাদন করা যায়। যে-কোনও প্রাপ্তবয়স্ক মানুষ স্বয়ংক্রিয় ঢেঁকি চালাতে পারবেন, এমন কী অক্ষরজ্ঞান না থাকলেও পারবেন। স্বয়ংক্রিয় ঢেঁকি বসানোর জন্য এককালীন টাকা খরচ করলে যথেষ্ট লাভ আছে। কারণ প্রতি কেজি ৫০ থেকে ৬০ টাকা দরে চাল বিক্রি হলে, এক জন ব্যক্তি প্রতিদিন খরচখরচা বাদ দিয়ে ১,০০০ থেকে ২,০০০ টাকা রোজগার করতে পারবেন।

যোগাযোগ: শশাঙ্ক দত্ত। বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং, পুয়াবাগান, বাঁকুড়া-৭২২ ১৪৬। ফোন: ৯৪৭৪৬-৪২০৮২। ই-মেল: duttasasanka13@gmail.com

গার্ডেন রীচ শিপবিল্ডার্স এণ্ড ইঞ্জীনিয়র্স লিমিটেড
Garden Reach Shipbuilders & Engineers Limited
Regd and Corp Office: GRSE Bhavan, 61, Garden Reach Road, Kolkata – 700 024
(भारत सरकार का उपक्रम / A Govt. of India Undertaking)
रक्षा मंत्रालय / Ministry of Defence
Web:www.grse.in (CIN: L35111WB1934GOI007891)

(EMPLOYMENT NOTIFICATION NO. 2026/05 (J&OP)
RECRUITMENT OF JOURNEYMAN & DRIVER (VEHICLE)
Opening Date for Online registration: 30 Oct 2026
Closing Date for Online registration: 28 Nov 2026

GRSE Ltd. a Navratna CPSE and one of the Premier Defence Shipyard under administrative control of Ministry of Defence, Govt. of India, is contributing efficiently to the defence preparedness of the country by building state-of-the-art warships. The Company invites applications from talented and energetic Indian Nationals for the following positions:

JOURNEYMAN:

Sl.	Trades	No. of Vacancies	Reservation
(a)	Journeyman (Carpenter)	02	UR-1, SC-1
(b)	Journeyman (Crane Operator)	02	UR-1, OBC-1
(c)	Journeyman (Diesel Mechanic)	02	UR-1, OBC-1
(d)	Journeyman (Driver Material Handling)	02	UR-1, SC-1
(e)	Journeyman (Electrician)	08	UR-4, SC-1, ST-1, OBC-1, EWS-1
(f)	Journeyman (Electronic Mechanic)	06	UR-1, SC-2, OBC-1, EWS-2
(g)	Journeyman (Fitter)	06	UR-3, SC-1, ST-1, OBC-1
(h)	Journeyman (GRP/FRP Worker)	04	UR-1, SC-1, OBC-1, EWS-1
(i)	Journeyman (Machine Operator)	03	UR-1, SC-1, EWS-1
(j)	Journeyman (Painter)	06	UR-3, SC-1, OBC-1, EWS-1
(k)	Journeyman (Pipe Fitter)	04	UR-1, SC-1, OBC-1, EWS-1
(l)	Journeyman (Rigger)	04	UR-2, SC-1, OBC-1
(m)	Journeyman (Structural Fitter)	04	UR-2, ST-1, OBC-1
(n)	Journeyman (Welder)	02	UR-1, SC-1
	Total	**55***	(UR-23, SC-12, ST-03, OBC-10, EWS-07)

* Above vacancies include vacancies reserved for PwBD (OH)-1, PwBD (HH/PD)-1, PwBD (VH/LV)-2 except for the Journeyman posts in **Crane Operator, Rigger and Driver Material Handling** trades

DRIVER (VEHICLE):

Sl.	Trades	No. of Vacancies	Reservation
(a)	Driver (Vehicle) (Skilled, Grade-III)	03	UR-2, OBC-1

The details like General Conditions, eligibility, essential qualification, selection process, how to apply etc. are available in the Detailed Advertisement available in **'Career section'** of GRSE website **www.grse.in** or **https://jobapply.in/grse2026**. Candidates must refer to the detailed advertisement before applying
Candidates are required to apply only through ONLINE mode. No other means / mode of submission of applications will be accepted.
In case of any ambiguity/ dispute, the advertisement published in the GRSE website will prevail. Any Addendum/Corrigendum to the published advertisement will only be published in GRSE website.
Infinite Passion Meets Unwavering Commitment



ছয়ের পাতার পর

কারেন্ট অ্যাফেয়ার্স ২

১৭ অক্টোবর দায়িত্ব নেওয়ার মাত্র ৫ দিনের মাথায় হোয়াইট হাউসের প্রেস সচিব পদ খোয়ালেন কেটি জাকারিয়া। এদিন ওয়েস্ট উইংয়ে দ্য ওয়াল স্ট্রিট জার্নালকে সাক্ষাৎকার দেওয়ার মাঝপথেই ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্স একটু কথা বলতে চেয়েছেন বলে কেটিকে ডেকে নিয়ে যান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সিনিয়র অ্যাডভাইজার জেসন মিলার। এর প্রায় সঙ্গে সঙ্গেই কেটির পদত্যাগের বিষয়টি সাংবাদিকদের কাছে পরোক্ষভাবে স্পষ্ট করে দেন ট্রাম্প। মনে করা হচ্ছে প্রথম ব্রিফিংয়ে অদক্ষতা এবং বার পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েও 'আইনজীবী' পরিচয় ঘিরে বিতর্ক তৈরি হওয়াতেই পদ হারালেন কেটি। হোয়াইট হাউসের প্রেস সচিবদের ইতিহাসের সংক্ষিপ্ততম কার্যকাল তাঁরই।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের 'স্যাংশনিং রাশিয়া অ্যান্ড ইরান অ্যাক্ট'-এর আওতায় নিষেধাজ্ঞা, বিধিনিষেধ ও শুল্ক থেকে অব্যাহতির সিদ্ধান্ত ভারতকে সাময়িক স্বস্তি দিল। তবে এই ছাড় দীর্ঘমেয়াদি কিনা সে বিষয়ে নিশ্চিত নয় নয়াদিল্লি। কারণ কূটনীতিকরা মনে করেন ট্রাম্পের অবস্থান যে-কোনও সময়ে সম্পূর্ণ বিপরীতে ঘুরে যাওয়ার মধ্যে কোনও চমক নেই। রাশিয়া থেকে তেল আমদানি সংক্রান্ত নিষেধাজ্ঞা আইনের কয়েকটি বিষয়ের উপর তাঁর স্থগিতাদেশ চাপানোর পিছনে আমেরিকার মধ্যবর্তী নির্বাচনের সমীকরণ কাজ করছে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

পুলিশি-হেফাজত থেকে ছাড়া পেলেন আইসা সভানেত্রী নেহা বোরা এবং সিজেপি প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে। শর্তসাপেক্ষে দীপককে জামিন দিয়েছে আদালত। পঞ্চাশ হাজার টাকার বন্ড সই করতে হয়েছে তাঁকে। শান্তিভঙ্গ করবেন না বলেও লিখতে হয়েছে বন্ডে। ১৬ অক্টোবর কনট প্লেসের সেন্ট্রাল পার্কে সিজেপি-র 'লেহরা দো তিরঙ্গা' প্রতিবাদ কর্মসূচিতে যোগ দিতে যাওয়ার পথে দীপকে-কে আটক করা হয়েছিল। নেহা আটক হয়েছিলেন মান্ডি হাউস থেকে মিছিল করে যাওয়ার পথে। তাঁরা আটক হওয়ার পরে প্রতিবাদ ও দেশজোড়া ক্ষোভের সৃষ্টি হয়।

১৮ অক্টোবর ফ্রান্সের লিমোজ শহরের ১৪০ বছরেরও বেশি পুরনো টাউন হল বিক্ষোভের আগুনে ধ্বংস হল। এই ঐতিহাসিক নিদর্শন দুই বিশ্বযুদ্ধের আঘাত সামলেও অক্ষত ছিল। কিন্তু দেশের সাম্প্রতিক বিক্ষোভ ইতিহাসের সেই চিহ্নও মুছে দিল। উল্লেখ্য, ক্রমবর্ধমান দৈনন্দিন খরচের প্রতিবাদে দেশজুড়ে বিক্ষোভে নেমেছিলেন হাজার হাজার মানুষ। সেই প্রতিবাদই হিংসাত্মক রূপ নেয়। ফরাসি প্রধানমন্ত্রী সেবাস্তিয়াঁ লেকর্নুর দাবি টাউন হল ধ্বংসের ঘটনায় ১২০০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদিকে, মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প দাবি করেছেন, এই ঘটনার জন্য দায়ী ইউরোপের অভিবাসী সমস্যা।

মধ্যপ্রদেশের গোয়ালিয়রে ধান-বোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে পিষে দিল মন্দিরে পুজো দেওয়ার অপেক্ষায় দাঁড়িয়ে থাকা ভক্তদের।

২০ অক্টোবর তাজিকিস্তানের রাজধানী দুশানবে-তে সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (এসসিও)-র সম্মেলনে সন্ত্রাসবাদ নিয়ে কড়া বার্তা দিলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। কাউন্সিল অব হেডস অব গভর্নমেন্ট-এর বৈঠকে তিনি জানান, সন্ত্রাসবাদ মোকাবিলায় কোনওরকম দ্বিচারিতা মেনে নেওয়া হবে না। তিনি আরও বলেন, 'সন্ত্রাসবাদ শান্তি ও উন্নয়নের জন্য একটি গুরুতর হুমকি। তা কেবল নিরপরাধ মানুষের প্রাণই কেড়ে নেয় না বরং বিনিয়োগ, বাণিজ্য এবং তরুণ প্রজন্মের ভবিষ্যতের উপরেও নেতিবাচক প্রভাব ফেলে।' সন্ত্রাসের পুরো ইকোসিস্টেমকে কোনও রাজনৈতিক স্বার্থ না রেখে ঐক্যবদ্ধভাবে উপড়ে ফেলার আহ্বান জানান তিনি।

২১ অক্টোবর জাপানের নাগোয়ায় প্যারা এশিয়ান গেমসে অভূতপূর্ব সাফল্য পেলেন ভারতের প্যারা ক্রীড়াবিদরা। এদিন পাঁচটি সোনা-সহ বাইশটি পদক জিতেছেন তাঁরা। পদক তালিকায় ভারত উঠে এসেছে পঞ্চম স্থানে। ভারতের পাঁচটি সোনাই এসেছে অ্যাথলেটিক্স থেকে। সিমরণ শর্মা মহিলাদের ১০০ মিটার টি১২ ক্যাটেগরিতে সোনা জিতেছেন। পুরুষদের শটপাটে এফ৪৬ ক্যাটেগরিতে শচীন খিলাড়ি সোনা জিতেছেন। পুরুষদের ১০০ মিটার টি৪৭ ক্যাটেগরিতে সোনা জেতেন ভারতের দিলীপ গাভিত। পুরুষদের হাইজাম্পে টি৪৪/৬৪ ক্যাটেগরিতে সোনা জিতেছেন প্রবীণ কুমার। পুরুষদের শটপাটে এফ৫৩ ক্যাটেগরিতে সোনা জেতেন আয়ুশ বর্মা।


২২ অক্টোবর সাতটি সোনা, পাঁচটি রুপো এবং ১৪টি ব্রোঞ্জ জিতে এশিয়ান প্যারা গেমসে সেরা দিন গেল ভারতের। মোট ২৬টি পদক জিতলেন ভারতীয় প্যারা-অ্যাথলিটরা। এদিন প্যারা তিরন্দাজ শীতল দেবী ব্যক্তিগত বিভাগে এবং তোমান কুমারের সঙ্গে জুটিতে জোড়া সোনা এনে দেন। সুবর্ণা রাজ মেয়েদের এফ৫৪ ডিসকাস থ্রো বিভাগে ১৬.৬৬ মিটার ছুড়ে সোনা জেতেন। দিলীপ গাভিত এবারের গেমসে তাঁর দ্বিতীয় সোনা জেতেন পুরুষদের ৪০০ মিটার টি৪৭ বিভাগে ৪৮.২৭ সেকেন্ড সময় করে। এছাড়া পুরুষদের লংজাম্প টি৪৪/টি৬২/টি৬৪ বিভাগের ফাইনালে সোনা জেতেন সোলাইরাজ ধর্মরাজ ৭.১৫ মিটার লাফিয়ে গেমস রেকর্ড করে। পুরুষদের হাইজাম্প টি৬৩ বিভাগে সোনা জেতেন শৈলেশ কুমার। মেয়েদের ৪০০ মিটার টি৪৭ বিভাগে অঞ্জনাবেন বুম্বাডিয়া সোনা জেতেন।

মায়ানমারের কারাবন্দি গণতান্ত্রিক নেত্রী আং সান সু চি-র সঙ্গে পাঁচ বছরেরও বেশি সময় পরে কথা বলার সুযোগ পেলেন তাঁর ছেলে কিম আরিস। সমাজমাধ্যমে দেওয়া এক পোস্টে একথা জানান কিম। ব্রিটেনে বসবাসরত কিম লেখেন 'আজ পাঁচ বছরেরও বেশি সময় পরে আমি অবশেষে আমার মা আং সান সু চি-র সঙ্গে কথা বলতে পেরেছি। আবার তাঁর কণ্ঠস্বর শুনতে পাওয়াটা কতটা অর্থবহ, তা ভাষায় প্রকাশ করার মতো নয়।' মায়ানমারের সামরিক কর্তাদের তথ্য অনুযায়ী সে দেশের রাজধানী নেপিডোতে গৃহবন্দি রয়েছেন ৮১ বছরের সু চি। ২০২১ সালের সামরিক অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে তাঁকে বন্দি করে রাখা হয়েছে।

১৯ অক্টোবর ফের হিংসার ঘটনা ঘটল মণিপুরে। দুষ্কৃতীদের গুলিতে তিন গ্রামবাসীর মৃত্যুর পর তৈরি হয় উত্তেজনা। পরিস্থিতি এতটাই গুরুতর হয়ে ওঠে যে খোদ মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে মৃতদেহ রেখে বিক্ষোভ দেখায় জনতা। ইম্ফল ইস্ট ও কাংপোকপি জেলার সীমান্তে খোংবাল সুনুরোক উয়োক এলাকায় একদল গ্রামবাসী যখন কাঠ কুড়োচ্ছিলেন তখনই তাঁদের উপর এলোপাথাড়ি গুলি চালায় সশস্ত্র জঙ্গিরা। এই ঘটনায় তিনজনের মৃত্যু ছাড়াও বেশ কয়েকজন আহতও হন। পরে আহতদের দেখতে হাসপাতালে যান মুখ্যমন্ত্রী ওয়াই খেমচাঁদ সিংহ। ঘটনার তদন্তেরও আশ্বাস দেন তিনি।


দুর্ঘটনায় নিহত অন্তত ১৫ জন। আহত ২৬ জন। এঁদের মধ্যে অনেকেরই পরিস্থিতি সংকটজনক হওয়ায় মৃতের সংখ্যা বাড়বে বলে অনুমান করা হয়েছে। এদিন নবরাত্রি উপলক্ষে শীতলা মাতার মন্দিরে পুজো দিতে গিয়েছিলেন অগণিত পুণ্যার্থী। ট্রাকের ধাক্কায় ক্ষতিগ্রস্ত হয়েছে মন্দির-লাগোয়া পুলিশি চেকপোস্ট, দরজা এবং মন্দিরের দেওয়ালও। মন্দির চত্বরে অব্যবস্থা ও নিরাপত্তার ঘাটতি নিয়ে প্রশ্ন উঠেছে।

ফ্রান্সের বিক্ষোভ হিংসার রূপ নিল




১৯ অক্টোবর: ফ্রান্স-জুড়ে ভয়াবহ সরকারবিরোধী বিক্ষোভ হিংসার রূপ নিল। দৈনন্দিন ব্যয় বৃদ্ধি ও শিক্ষাপ্রতিষ্ঠানের খারাপ পরিস্থিতির প্রতিবাদে এই বিক্ষোভ শুরু হয়। দাঙ্গা, লুঠপাট ও আগুন লাগানোর ঘটনায় প্রায় তিন হাজার ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কয়েকটি শহরে কারফিউ জারি করতে হয়েছে ফ্রান্স সরকারকে। দাঙ্গা এমন অবস্থায় পৌঁছেছে যে বড় শহরগুলোতে পরিস্থিতির উপর নিয়ন্ত্রণ হারানোর কথা স্বীকার করে নিয়েছে প্রশাসন।

ভারত সফরে পোলিশ প্রধানমন্ত্রী, বাণিজ্য বাড়াতে আগ্রহী দুই দেশ




২২ অক্টোবর: তিনদিনের রাষ্ট্রীয় সফরে ভারতে এসে নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক শীর্ষ বৈঠক করলেন পোল্যান্ডের প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্ক। মধ্য ও পূর্ব ইউরোপ এবং বৃহত্তর ইউরোপীয় বাজারে আগ্রহী ভারতীয় সংস্থাগুলির জন্য পোল্যান্ডকে একটি প্রবেশদ্বার হিসেবে তুলে ধরেছেন টাস্ক। প্রধানমন্ত্রী মোদীও পোলিশ সংস্থাগুলিকে ভারতে তাদের বিনিয়োগ ও কার্যক্রম সম্প্রসারণের জন্য আমন্ত্রণ জানিয়েছেন। উভয় নেতাই দ্বিপাক্ষিক বাণিজ্য ও সহযোগিতা জোরদার করার লক্ষ্যে গঠিত দ্বিপাক্ষিক ওয়ার্কিং গ্রুপের কার্যক্রম পুনরায় শুরু করা এবং কৃষি ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণে সম্মতি দিয়েছেন। দু-দেশের মধ্যে প্রতিরক্ষা আলোচনার সূচনা সহ একাধিক চুক্তিও সাক্ষরিত হয়েছে।

ক্রিকেটে জাতীয় নির্বাচক কমিটির চেয়ারম্যান হলেন প্রজ্ঞান ওঝা



১৯ অক্টোবর: অজিত আগরকরের পরিবর্তে ভারতীয় নির্বাচক কমিটির চেয়ারম্যান বেছে নিল ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআই। প্রাক্তন ভারতীয় স্পিনার প্রজ্ঞান ওঝাকে জাতীয় নির্বাচক কমিটির প্রধান করা হল। আগরকরের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর প্রজ্ঞানই অস্থায়ীভাবে দায়িত্ব সামলাচ্ছিলেন। এছাড়াও পশ্চিমাঞ্চল থেকে নতুন নির্বাচক হিসেবে প্রাক্তন ক্রিকেটার রমেশ পাওয়ারকে বেছে নেওয়া হয়েছে। ফলে বর্তমানে ভারতীয় নির্বাচক কমিটির সদস্যরা হলেন প্রজ্ঞান ওঝা (চেয়ারম্যান), শিবসুন্দর দাস, আর পি সিং, অজয় রাতরা ও রমেশ পাওয়ার।

মুম্বই এলেন রুবিয়ো, বৈঠক জয়শঙ্করের সঙ্গে



২০ অক্টোবর: ভারত সফরে মুম্বই এলেন মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিয়ো। সফরের শুরুতে ঐতিহাসিক তাজ প্যালেস হোটেলে গিয়ে ২৬/১১ জঙ্গি হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন তিনি। এরপর বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে তাঁর উচ্চ পর্যায়ের বৈঠক হয়। আলোচনায় দুই দেশের মধ্যে বাণিজ্য চুক্তি, দ্বিপাক্ষিক বিনিয়োগ, জ্বালানি নিরাপত্তা, প্রতিরক্ষা সহযোগিতা এবং উদীয়মান প্রযুক্তি নিয়ে আলোচনা হয়।

ভারত-ওয়েস্ট ইন্ডিজ টি-টোয়েন্টি সিরিজ অমীমাংসিত



১৭ অক্টোবর: নিউজিল্যান্ড সফরে যাওয়ার আগে বেঙ্গালুরুতে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ভারতের টি-টোয়েন্টি সিরিজ অমীমাংসিত ভাবে ২-২ ফলে শেষ হল। এদিন বেঙ্গালুরুতে সিরিজের শেষ ম্যাচ বৃষ্টির জন্য পণ্ড হয়ে যায়। দু'টি ম্যাচে শতরান করে সিরিজের সেরা ক্রিকেটারের পুরস্কার পেয়েছেন ওয়েস্ট ইন্ডিজের অধিনায়ক শেই হোপ। এদিন ভারতীয় দলে দু'টি পরিবর্তন হয়। নীতীশ কুমার রেড্ডি আর মায়াঙ্ক যাদবের বদলে নেওয়া হয় ভুবনেশ্বর কুমার এবং শিবম দুবেকে। ১৪২৫ দিন পর ভারতের জার্সিতে ফিরলেন ভুবনেশ্বর কুমার। যদিও ম্যাচ পণ্ড হওয়ায় বল করার সুযোগ পেলেন না।

পুজোয় পদপিষ্ট চোরবাগানে, মৃত ১৯



১৭ অক্টোবর: দুর্গাপুজোর সপ্তমীর সন্ধ্যায় কলকাতার চোরবাগান সার্বজনীনে (সারদা পার্ক) পদপিষ্ট হয়ে অন্তত ১৯ জনের মৃত্যু হল। আহতের সংখ্যা পঞ্চাশের কাছাকাছি বলে জানা গিয়েছে। কলকাতার দুর্গাপুজোর ইতিহাসে এমন ঘটনা সম্ভবত আগে কখনও ঘটেনি। ঘটনার পরে উৎসবের পর্যাপ্ত পুলিশি প্রস্তুতি এবং পরিকল্পনার অভাব নিয়ে অভিযোগ উঠেছে উদ্যোক্তা, পুলিশ, প্রশাসনের দিকে। অথচ এই পুজোকেই দেবী দুর্গা সম্মানে সেরা প্রতিমা, মণ্ডপ, আলো থেকে পরিবেশ ভাবনা এবং সেরা সমাজ সচেতনতার জন্যও একাধিক পুরস্কারে ভূষিত করেছে রাজ্যের তথ্য ও সংস্কৃতি দফতর। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দ্রুত তথ্যানুসন্ধান কমিটি গড়ে ঘটনাটি খতিয়ে দেখার কথা বলেছেন। সেই সঙ্গে সব পুজো কমিটিকেই তাদের মণ্ডপে ঢোকার, বেরনোর পথে সজাগ-নজরদারি রাখতে বলা হয়েছে।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতীয় সংবিধানে বর্ণিত 'জরুরি অবস্থার' ধারণা কোন দেশের সংবিধান থেকে নেওয়া হয়েছে?
(a) কানাডা (b) আমেরিকা (c) ইংল্যান্ড (d) জার্মানি
2. কোন রাজ্যে সর্বপ্রথম সবুজ বিপ্লব সংগঠিত হয়?
(a) পাঞ্জাব (b) পশ্চিমবঙ্গ (c) আসাম (d) ওড়িশা
3. সর্বপ্রথম ভারতীয় জাতীয় আয় কে নিরুপণ করেন?
(a) রামমোহন রায় (b) দাদাভাই নৌরজি (c) হোমি ভাবা (d) সতেন্দ্রনাথ বসু
4. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন কবে?
(a) 26 সেপ্টেম্বর (b) 5 জুন (c) 21 ফেব্রুয়ারি (d) 23 জুন
5. সাতবাহন বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) প্রথম সাতকর্ণী (b) সিমুক (c) গৌতমীপুত্র সাতকর্ণী (d) কৃষ্ণ
6. রাজ্যসভায় সভাপতিত্ব করেন:
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) স্বরাষ্ট্রমন্ত্রী (d) উপরাষ্ট্রপতি
7. জারোয়ারা বাস করে:
(a) মালদ্বীপে (b) মাজুলীতে (c) লাক্ষাদ্বীপে (d) আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জে
8. ইম্ফল কোন রাজ্যের রাজধানী?
(a) ত্রিপুরা (b) মণিপুর (c) অরুণাচল প্রদেশ (d) নাগাল্যান্ড
9. 'স্বরাজ আমার জন্মগত অধিকার এবং আমি তা অর্জন করবই'—একথা কে বলেছিলেন?
(a) নেতাজি সুভাষচন্দ্র বসু (b) শ্রী অরবিন্দ (c) লালা লাজপৎ রাই (d) বাল গঙ্গাধর তিলক
10. 1857 সালের বিদ্রোহের সময় ভারতবর্ষের গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড ক্যানিং (c) লর্ড রিপন (d) লর্ড লিটন
11. মগধের প্রথম রাজধানী ছিল কোথায়?
(a) পাটলিপুত্র (b) কাশী (c) গিরিব্রজ (d) বৈশালী
12. কৌলিন্য প্রথা কে প্রবর্তন করেছিলেন?
(a) সামন্ত সেন (b) বল্লাল সেন (c) হেমন্ত সেন (d) লক্ষ্মণ সেন
13. বাল্টোরে হিমবাহ —— পর্বতশ্রেণীতে অবস্থিত।
(a) কারাকোরাম (b) পীরপঞ্জাল (c) কৈলাস (d) লাদাখ
14. বস্তুর ভর এবং আপেক্ষিক তাপের গুণফলকে কী বলা হয়?
(a) লীনতাপ (b) ক্যালরি (c) জলসম (d) তাপগ্রাহিতা
15. আধুনিক ভারতের প্রবক্তা কে?
(a) ডিরোজিও (b) মহাত্মা গান্ধী (c) রামমোহন রায় (d) বিদ্যাসাগর
16. ভারতের দক্ষিণতম বিন্দু কোনটি?
(a) কন্যাকুমারী (b) ইন্দিরা পয়েন্ট (c) নিউমুর দ্বীপ (d) ধনুস্কোডি
17. কংগ্রেস সমাজতন্ত্রী দল কবে গঠিত হয়েছিল?
(a) 1922 (b) 1934 (c) 1937 (d) 1938
18. 'দোকানী' মুদ্রা চালু করেছিলেন কে?
(a) বলবন (b) রাজিয়া (c) ইলতুৎমিস (d) মহম্মদ বিন তুঘলক
19. ব্রিটিশরা কবে বঙ্গভঙ্গ কার্যকর করেছিল?
(a) 1900 (b) 1902 (c) 1905 (d) 1906
20. নরসিংহ সালুভ কোথাকার শাসনকর্তা ছিলেন?
(a) বরিষা (b) উদয়নগর (c) চন্দ্রগিরি (d) কোঙ্কন
21. তৃতীয় পানিপথের যুদ্ধে দুই পক্ষে ছিল:
(a) পাঠান ও সাতনামী (b) মারাঠা ও আফগান (c) শিখ ও জাঠ (d) ব্রিটিশ ও রোহিল্য
22. খালেদা জিয়া কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন?
(a) বাংলাদেশ (b) পাকিস্তান (c) আলজেরিয়া (d) থাইল্যান্ড
23. ভারতের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কোনটি?
(a) ট্রম্বে (b) কালপক্কম (c) তারাপুর (d) নারোরা
24. সন্ধ্যাকর নন্দী ছিলেন:
(a) চিকিৎসক (b) দোহা রচয়িতা (c) রামচরিত কাব্য রচয়িতা (d) আশোকের সভাকবি
25. রাজস্থানের কোন শহরকে 'নীল শহর' বলা হয়?
(a) জয়সলমীর (b) জয়পুর (c) বিকানীর (d) যোধপুর
26. 'ফরওয়ার্ড ব্লক' কে প্রতিষ্ঠা করেন?
(a) রাসবিহারী বসু (b) মহাত্মা গান্ধী (c) সুভাষচন্দ্র বসু (d) মোহন সিং
27. ভাকরা নাঙ্গাল জলাধার নীচের কোন নদীর ওপর অবস্থিত?
(a) শতদ্রু (b) ঝিলাম (c) সিন্ধু (d) বিপাশা
28. 'বাঘাযতীন' নামে কে পরিচিত ছিলেন?
(a) যতীন দাস (b) যতীন্দ্রনাথ মুখার্জি (c) যতীন্দ্রমোহন সেনগুপ্ত (d) কেউই নন
29. পশ্চিমবঙ্গের বাগিচা কৃষি নিম্নলিখিত কোন জেলার বৈশিষ্ট্য?
(a) মালদা (b) বাঁকুড়া (c) হাওড়া (d) দার্জিলিং
30. আলেকজান্ডার কত দিন ভারতে ছিলেন?
(a) 18 মাস (b) 19 মাস (c) 20 মাস (d) 22 মাস
31. মানুষের সব থেকে বড় জিন কোনটি?
(a) ডিসট্রোফিন (b) ইনসুলিন জিন (c) অক্টোজিন (d) টিউমার সাপ্রেসর জিন
32. মেন্ডেলের প্রথম সূত্রকে বলে:
(a) প্রকট ও প্রচ্ছন্নতার সূত্র (b) স্বাধীন বন্টনের সূত্র (c) পৃথক ভবনের সূত্র (d) কোনওটিই নয়
33. বংশগতির ধারককে কী বলা হয়?
(a) গ্যামেটোসাইট (b) ক্রোমোজোম (c) গ্যামেট (d) জিন
34. নিউক্লিক অ্যাসিড থাকে:
(a) ভাইরাসে (b) ব্যাক্টেরিয়ায় (c) স্তন্যপায়ীতে (d) জীবনের সমস্ত পর্যায়ে
35. মানুষের শুক্রাণুতে কোন কোষীয় অঙ্গাণু অনুপস্থিত?
(a) ER (b) নিউক্লিয়াস (c) মাইটোকনড্রিয়া (d) সেন্ট্রিওল
36. ম্যালেরিয়া শব্দটির অর্থ হল:
(a) মশার বাসস্থান (b) নোংরা জলাশয় (c) নোংরা বাগান (d) খারাপ বায়ু
37. থার্মোফ্লাস্ক কে আবিষ্কার করেন?
(a) ডিওয়ার (b) গ্যালিলিও (c) নিউটন (d) ফ্রাঙ্কলিন
38. 'মুকুট' করা লেখা?
(a) বিমল মিত্র (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (d) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
39. শায়েস্তা খাঁ কার সেনাপতি ছিলেন?
(a) হুসেন শাহ (b) আলেকজান্ডার (c) শাহজাহান (d) ঔরঙ্গজেব
40. অমৃতসরের সন্ধি কত সালে হয়েছিল?
(a) 1812 সালে (b) 1811 সালে (c) 1810 সালে (d) 1809 সালে
41. The Adjective form of the word 'Sick' is:
(a) Sicky (b) Sickness (c) Sickly (d) Sickless
42. The Feminine form of the word 'Czar' is:
(a) Czarish (b) Signara (c) Vixen (d) Czarina

Directions (43 to 47): *Fill in the blanks with appropriate words.*

43. The Court has absolved him ____ all the charges levelled against him.
(a) off (b) with (c) in (d) from
44. All civilised nations now believe in ___ treatment of Prisoners.
(a) human (b) humane (c) humanitarian (d) humiliating
45. Irregular supply of electricity can ____ in wastage of electricity.
(a) cause (b) result (c) affect (d) effect
46. You are welcome to partake ____ their light refreshment.
(a) in (b) for (c) at (d) of
47. His father introduce him at an ___ age to the game of cricket.
(a) inquisitive (b) insensible (c) impressive (d) impressionable

Directions (48 to 52): *Select the word similar in meaning.*

48. Decrepit
(a) Firm (b) Fate (c) Feeble (d) Flee
49. Welter
(a) Turmoil (b) Laconic (c) Difficult (d) Vile
50. Melancholy
(a) Sorrowful (b) Thrifty (c) Curious (d) Chastity
51. Reticence
(a) Substitute (b) Request (c) Flatter (d) Reserve
52. Hysteria
(a) Generous (b) Madness (c) Ignorance (d) Expensive

Directions (53 to 57): *Slect the word opposite in meaning.*

53. Expurgate
(a) Slide (b) Fall (c) Permit (d) Decline
54. Wicked
(a) Doubtful (b) Anxious (c) Cautious (d) Righteous
55. Virtuous
(a) Incredibly (b) Equivocal (c) Disagreeable (d) Sinful
56. Liberal
(a) Backward (b) Conservative (c) Biased (d) Prejudiced
57. Humility
(a) Vanity (b) Pride (c) Rudeness (d) Arrogance

Directions (58 to 62): *Choose the alternative which best expresses the meaning of the idiom/phrase.*

58. On the cards
(a) Shocking (b) Evident (c) Anticipated (d) Impossible
59. Dark horse
(a) Notorious Criminal (b) An extremely rich person (c) An unexpected winner (d) An extremely corrupt person
60. A bolt from the blue
(a) A blue sky (b) An unexpected shock (c) A drop from the sky (d) Thunderbolt
61. Faint hearted
(a) Calm (b) Lovable (c) Timid (d) Courageous
62. Throw over
(a) Enumerate (b) Invent (c) Reprimand (d) Reject

Directions (63 to 67): *Select the incorrectly spelt word.*

63. (a) Curriculum (b) Couragious (c) Collaborate (d) Cylinder

এরপর দশের পাতায়

কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল

টিয়ার-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পাঁচের পাতার পর

83. In which year India became the member of United Nations Organisation?
(a) 1944 (b) 1945 (c) 1946 (d) 1947
84. In which State of India 14th Dalai Lama resides?
(a) Himachal Pradesh (b) Sikkim (c) Jammu and Kashmir (d) Arunachal Pradesh
85. Which Country is not a member of BRICS?
(a) Britain (b) Russia (c) India (d) China
86. Who was the author of the book 'Discovery of India'?
(a) S C Bose (b) J L Nehru (c) Mahatma Gandhi (d) Sardar Patel
87. Who had propounded the principles of class struggle?
(a) Darwin (b) Weber (c) Karl Marx (d) Hegel
88. Who is called as the father of political science?
(a) Plato (b) Aquinas (c) Aristotle (d) Machiavelli
89. By which instrument purity of milk is measured ?
(a) Altimeter (b) Lactometer (c) Fathometer (d) Hygrometer
90. Which atomic mineral is mainly found in India?
(a) Radium (b) Thorium (c) Uranium (d) Plutonium
91. For which field contribution Borlaug Award is given?
(a) Journalism (b) Social Service (c) Agriculture (d) Sports
92. To which country scientist Newton belonged?
(a) France (b) Germany (c) England (d) Italy
93. What was the name of the first person to visit outer space?
(a) Yuri Gagarin (b) John Glenn (c) Alexi Leonov (d) Alan Shephard
94. In which year Chhatiisgarh was separated from Madhya Pradesh?
(a) 1998 (b) 1999 (c) 2000 (d) 2001
95. Who was the first Indian cricket captain?
(a) C K Nayudu (b) Lala Amarnath (c) K S Ranjit Singh Ji (d) None of these
96. The Suri dynasty was founded in India by:
(a) Sher Shah Suri (b) Sher Sani (c) Khilji (d) None of these
97. Widal test is used for susceptibility of:
(a) Malaria (b) Typhoid (c) Cholera (d) Yellow Fever
98. Which is the first month of our National Calendar?
(a) Bhadra (b) Chaitra (c) Kartika (d) Phalguna
99. Mangalore port is located in:
(a) Karnataka (b) Kerala (c) Tamil Nadu (d) Andhra Pradesh
100. The Second World war began in the year:
(a) 1935 AD (b) 1937 AD (c) 1939 AD (d) 1940 AD

Answers

1(b), 2(c), 3(b), 4(c), 5(d), 6(a), 7(d), 8(b), 9(c), 10(d), 11(d), 12(b), 13(b), 14(b), 15(a), 16(b), 17(c), 18(c), 19(d), 20(d), 21(b), 22(b), 23(c), 24(b), 25(b), 26(b), 27(d), 28(b), 29(d), 30(d), 31(b), 32(d), 33(b), 34(d), 35(b), 36(d), 37(d), 38(c), 39(c), 40(c), 41(b), 42(d), 43(b), 44(d), 45(b), 46(a), 47(b), 48(a), 49(c), 50(d), 51(b), 52(b), 53(c), 54(d), 55(a), 56(a), 57(b), 58(d), 59(b), 60(b), 61(b), 62(c), 63(c), 64(d), 65(a), 66(b), 67(a), 68(b), 69(b), 70(d), 71(d), 72(b), 73(a), 74(b), 75(b), 76(d), 77(c), 78(c), 79(c), 80(c), 81(b), 82(c), 83(b), 84(a), 85(a), 86(b), 87(c), 88(c), 89(b), 90(b), 91(c), 92(c), 93(a), 94(c), 95(a), 96(a), 97(b), 98(b), 99(a), 100(c).

এরপর সমাধান আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সাগর রায়

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ফুরোবার আগেই সংগ্রহ করুন।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

নয়ের পাতার পর

64. (a) Deficiency (b) Dictionary (c) Diaphragm (d) Diabeties
65. (a) Advertise (b) Addiction (c) Anniversory (d) Amateur
66. (a) Restaurant (b) Rhinoceros (c) Righteous (d) Rehetorical
67. (a) Successive (b) Tomorrow (c) Solemly (d) Trespasser

Directions (68 to 70): *Four words are given in each question, out of which only ane word is correctly spelt. Find the correctly spelt word.*

68. (a) Equanimous (b) Equanamous (c) Ecuanemous (d) Ecuanimous
69. (a) Paralelled (b) Parallelled (c) Paralleled (d) Parralleled
70. (a) Necessary (b) Temparory (c) Itinerary (d) Sanguinery
71. যদি p ও q এর অনুপাত 4 : 3 এবং তাদের ল.সা.গু 36, তাহলে p + q = ?
(a) 21 (b) 20 (c) 19 (d) 18
72. যদি ধনাত্মক সংখ্যার যোগফল 24 এবং তাদের বর্গদ্বয়ের যোগফল 386, এদের একটি:
(a) 5 (b) 6 (c) 7 (d) 8
73. চার বছর পূর্বে বীণা ও রীনার বয়সের অনুপাত 15 : 11। বীণা ও রীনার বর্তমান বয়সের অনুপাত 17 : 13। 3 বছর পরে রীনার বয়স কত হবে?
(a) 34 বছর (b) 37 বছর (c) 26 বছর (d) 29 বছর
74. বার্ষিক $6\frac{1}{4}$% হারে কত টাকার দৈনিক সুদ 1 টাকা হয়?
(a) 5000 টাকা (b) 5800 টাকা (c) 5840 টাকা (d) 6203 টাকা
75. বার্ষিক 5% হার সুদে কত টাকার 2 বছরের চক্রবৃদ্ধি সুদ ও সরল সুদের অন্তর 14 টাকা হবে?
(a) 5600 টাকা (b) 5500 টাকা (c) 5400 টাকা (d) 5300 টাকা
76. একটি বস্তু মোট 500 কিলোমিটার দূরত্বের প্রথম 300 কিলোমিটার যায় 6 ঘণ্টায় এবং পরের 200 কিলোমিটার যায় 10 ঘণ্টায়। তাহলে বস্তুর গড় দ্রুতি নির্ণয় করুন:
(a) 25.5 কিমি/ঘণ্টা (b) 31.25 কিমি/ঘণ্টা (c) 35 কিমি/ঘণ্টা (d) 37.75 কিমি/ঘণ্টা
77. $\frac{5.47\times5.47-4.53\times4.53}{0.94}-\frac{14.50}{7.25}$-এর মান নির্ণয় করুন:
(a) 6 (b) 7 (c) 8 (d) 10
78. নিম্নলিখিত ভগ্নাংশগুলির গ.সা.গু নির্ণয় করুন:
$\frac{2}{3}, \frac{8}{9}, \frac{64}{81}, \frac{10}{27}$
(a) $\frac{2}{3}$ (b) $\frac{2}{81}$ (c) $\frac{160}{3}$ (d) $\frac{160}{81}$
79. $a+\frac{1}{a}=1$ হলে, a^3 = ?
(a) – 2 (b) 2 (c) –1 (d) 4
80. 6টি ঘণ্টা একসঙ্গে বাজা শুরু করে ও যথাক্রমে 2, 4, 6, 8, 10 ও 12 সেকেন্ড অন্তর বাজে, 30 মিনিটে তারা কতবার একসঙ্গে বাজবে?
(a) 17 (b) 18 (c) 16 (d) 15
81. দু'টি সংখ্যার গুণফল 1092, তাদের সমষ্টি, তাদের পার্থক্য অপেক্ষা 42 বেশি, বৃহত্তম সংখ্যাটি কত?
(a) 52 (b) 50 (c) 49 (d) 47
82. যদি 3A = 58 ও 4B = 6C হয় তাহলে, A : C = ?
(a) 2 : 5 (b) 3 : 5 (c) 4 : 5 (d) 5 : 2
83. দু'টি সংখ্যার যোগফল 12 ও বিয়োগফল 2। সংখ্যা দু'টির গুণফল হবে:
(a) 33 (b) 34 (c) 35 (d) 36
84. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 16, 20, 36 দ্বারা ভাগ করলে যথাক্রমে 6, 10 ও 26 ভাগশেষ থাকবে?
(a) 705 (b) 708 (c) 709 (d) 710
85. কোন ক্ষুদ্রতম সংখ্যা থেকে 4000 বিয়োগ করলে বিয়োগফল 7, 11, 13 দিয়ে বিভাজ্য হবে?
(a) 3001 (b) 4001 (c) 5001 (d) 5050
86. 18 ও 14 এই জোড় সংখ্যা দু'টির বর্গের অন্তরফল সর্বদা কত দ্বারা বিভাজ্য?
(a) 2 (b) 4 (c) 6 (d) 7
87. কোনও দ্রব্য বিক্রি করে 15% ক্ষতি হলে, ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?
(a) 17 : 20 (b) 20 : 13 (c) 20 : 17 (d) 20 : 19
88. সমীরবাবু 5000 টাকা মূল্যে এবং একটি ওয়াশিং মেশিন কিনে 6% লাভে বিক্রয় করলেন। ওই ওয়াশিং মেশিনের বিক্রয়মূল্য কত?
(a) 5300 টাকা (b) 5200 টাকা (c) 5100 টাকা (d) 5000 টাকা
89. দু'টি সংখ্যার যোগফল তাদের বিয়োগফলের 5 গুণ। বড় সংখ্যা 36 হলে ছোট সংখ্যাটি কত?
(a) 24 (b) 25 (c) 26 (d) 27
90. 0.1-এর 1%-কে দশমিকে প্রকাশ করুন:
(a) 0.01 (b) 0.001 (c) 0.1 (d) 0.00001
91. একটি পাখার ক্রয়মূল্য 750 টাকা। যদি এক ব্যক্তি এটি শতকরা 12% লোকসানে বিক্রয় করেন তবে ওই পাখাটির বিক্রয়মূল্য কত হবে?
(a) 650 টাকা (b) 655 টাকা (c) 660 টাকা (d) 665 টাকা
92. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 35, 45 ও 55-কে ভাগ করলে যথাক্রমে 5, 3 ও 1 ভাগশেষ থাকবে?
(a) 6 (b) 7 (c) 8 (d) 5
93. দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 30 এবং 2310। ওই দু'টি সংখ্যার একটি যদি 330 হয়, অন্যটি কত?
(a) 209 (b) 210 (c) 211 (d) 212
94. কোনও সমবায় ব্যাঙ্কে 5% সরল সুদের হারে 500 টাকার 5 বছরের সুদ কত হবে?
(a) 120 টাকা (b) 123 টাকা (c) 125 টাকা (d) 130 টাকা
95. একটি দ্রব্য 21000 টাকায় বিক্রি করলে 5% লাভ হয়, কত টাকায় বিক্রি করা হলে 15% লাভ হবে?
(a) 22500 (b) 23000 (c) 23550 (d) 24000
96. একটি সংখ্যার 30% ও 20%-এর পার্থক্য 50 হলে, সংখ্যাটি কত?
(a) 500 (b) 550 (c) 600 (d) 650
97. 20টি ঘোড়ার 12 দিনের উপযুক্ত শস্য আছে। 30টি ঘোড়ার ওই শস্যে চলবে কতদিন?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12
98. ঘণ্টায় 54 কিলোমিটার বেগে চলমান একটি ট্রেন 12 সেকেন্ডে একটি বাতিস্তম্ভ অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য (মিটারে):
(a) 100 (b) 120 (c) 125 (d) 180
99. 7.0225 সংখ্যাটির ধনাত্মক বর্গমূল কত?
(a) 0.265 (b) 0.0265 (c) 26.5 (d) 2.65
100. একটি তরল পদার্থপূর্ণ পাত্রের ওজন 24 কিলোগ্রাম এবং অর্ধপূর্ণ পাত্রের ওজন 13 কিলোগ্রাম হলে পাত্রের ওজন নির্ণয় করুন:
(a) 1 কিলোগ্রাম (b) 1.5 কিলোগ্রাম (c) 2 কিলোগ্রাম (d) 2.5 কিলোগ্রাম

উত্তর

1(d), 2(a), 3(b), 4(a), 5(b), 6(d), 7(d), 8(b), 9(d), 10(b), 11(c), 12(b), 13(a), 14(d), 15(c), 16(b), 17(b), 18(d), 19(c), 20(c), 21(b), 22(a), 23(c), 24(c), 25(d), 26(c), 27(a), 28(b), 29(d), 30(b), 31(a), 32(c), 33(d), 34(d), 35(a), 36(d), 37(a), 38(b), 39(d), 40(d), 41(c), 42(d), 43(d), 44(b), 45(b), 46(d), 47(d), 48(c), 49(a), 50(a), 51(d), 52(b), 53(c), 54(d), 55(d), 56(b), 57(d), 58(c), 59(c), 60(b), 61(c), 62(d), 63(b), 64(d), 65(c), 66(d), 67(c), 68(a), 69(c), 70(a), 71(a), 72(a), 73(d), 74(c), 75(a), 76(b), 77(c), 78(b), 79(c), 80(c), 81(a), 82(d), 83(c), 84(d), 85(c), 86(b), 87(c), 88(a), 89(a), 90(b), 91(c), 92(a), 93(b), 94(c), 95(b), 96(a), 97(a), 98(d), 99(d), 100(c).

সমাধান

71(a): p : q = 4 : 3
ধরা যাক p = 4x এবং q = 3x
∴ ল.সা.গু = 12x ⇒ 12x = 36 ⇒ x = 3
p + q = 4x + 3x = 7x = 7 × 3 = 21.

72(a): $x^2+(24-x)^2=386$
বা, $x^2+576-48x+x^2=386$ বা, $2x^2-48x+190=0$
বা, $x^2-24x+95=0 \Rightarrow x^2-19x-5x+95=0$
বা, $x(x-19)-5(x-19)=0$ বা, $(x-19)(x-5)=0$
x = 19 বা, 5.

73(d): ধরা যাক, বীণা ও রীনার বর্তমান বয়স যথাক্রমে 17x বছর এবং 11x বছর
$\frac{17x-4}{13x-4}=\frac{15}{11} \Rightarrow 195x-60=187x-44 \Rightarrow 8x=16 \Rightarrow x=2$
রীনার 3 বছর পরে বয়স হবে 13x + 3 = 26 + 3 = 29 বছর।

74(c): যদি দৈনিক সুদ 1 টাকা হলে বার্ষিক সুদ 365 টাকা
$P=\frac{SI\times100}{r\times t}=\frac{365\times100}{\frac{25}{4}\times1}=\frac{365\times100\times4}{25}=5840$ টাকা।

75(a): ধরা যাক, আসল = P টাকা, সুদের হার r%
আসল (r) = {চক্রবৃদ্ধি ও সরল সুদের পার্থক্য} × $\left(\frac{100}{r}\right)^2$
$P=14\times\left(\frac{100}{5}\right)^2=14\times400=5600$ টাকা।

76(b): 16 ঘণ্টায় যায় 500 কিলোমিটার
1 ঘণ্টায় যায় $\frac{500}{16}=31.25$ কিলোমিটার।

77(c): $\frac{(5.47-4.53)(5.47+4.53)}{0.94}-2=\frac{0.94\times10}{0.94}-2=10-2=8.$

78(b): গ.সা.গু = $\frac{(2,8,6,4,10)\text{-এর গ.সা.গু}}{(3,9,81,27)\text{-এর ল.সা.গু}}=\frac{2}{81}$.

79(c): $a^2+1=a \Rightarrow a^2-a+1=0$
$\Rightarrow a^3+1=(a+1)(a^2-a+1) \Rightarrow a^3+1=0 \Rightarrow a^3=-1.$

80(c): 2, 4, 6, 8, 10 ও 12-এর ল.সা.গু = 120
তাহলে, ঘণ্টাগুলি প্রত্যেক 120 সেকেন্ড বা 2 মিনিট পর একসঙ্গে বাজবে
∴ 30 মিনিটে তারা একসঙ্গে বাজবে = $\left[\left(\frac{30}{2}\right)+1\right]=15+1=16$ বার।

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সাগর রায়

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

49. P 64000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করে। কিছু মাস পর Q 4800 টাকা নিয়ে ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে তাদের লাভের অনুপাত 2 : 1 হলে Q কত মাস পর যোগ দিয়েছিল?
(a) 6 (b) 7 (c) 8 (d) 4
50. একটি খোলা মাঠে রুমা পূর্বদিক বরাবর ছুটতে শুরু করল এবং 35 মিটার পর সে ডানদিক বরাবর ঘুরে 15 মিটার ঘুরল এবং ডানদিকে ঘুরে আরও 15 মিটার গেল এবং শেষ করল। প্রথম অবস্থানে যেতে তাকে কমপক্ষে কত পথ অতিক্রম করতে হবে?
(a) 30 মিটার (b) 32 মিটার (c) 25 মিটার (d) 20 মিটার
51. 31 দিনের কোনও মাসের শেষ দিন ছিল শনিবার। নীচের কোন বারটি পাঁচবার এসেছে সেই মাসে?
(a) রবিবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) বৃহস্পতিবার
52. যদি '+' = ×, '–' = ÷,m 'x' = – এবং '÷' = + হয়, তাহলে 6 ÷ 36 – 4 × 3 + 4 = ?
(a) 10 (b) 3 (c) 5 (d) 14
53. শুভকে দেখিয়ে অরূপ বলল, 'সে আমার বোনের একমাত্র ভাইয়ের ছেলে' শুভর সঙ্গে অরূপের কী সম্পর্ক?
(a) মেয়ে (b) নাতি (c) ছেলে (d) ভাইঝি
54. 6 মাস অন্তর সুদ দেওয়া হলে, কত টাকার 10% হারে 1 বছরের সুদ-আসল 11025 টাকা হবে?
(a) 8000 টাকা (b) 10000 টাকা (c) 10500 টাকা (d) 9500 টাকা
55. সোমা এবং অনুজার বয়সের অনুপাত যথাক্রমে 8 : 15, 9 বছর পরে তাদের বয়সের অনুপাত যথাক্রমে 11 : 18 হবে। এই দু'জনের বয়সের পার্থক্য কত?
(a) 21 বছর (b) 24 বছর (c) 20 বছর (d) 33 বছর
56. কোনও সমদ্বিবাহু ত্রিভুজের দু'টি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সেমি ও 15 সেমি। এই ত্রিভুজটির পরিসীমা কত হবে?
(a) 22 সেমি (b) 29 সেমি (c) 37 সেমি (d) 35 সেমি
57. নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি আলাদা?
(a) CB (b) DC (c) AH (d) EF
58. যদি (P + Q)-এর 20% = (P – Q)-এর 50% হয়, তাহলে P : Q = ?
(a) 7 : 3 (b) 7 : 5 (c) 5 : 7 (d) 3 : 7
59. যদি $8^{x+1}=64$ হয়, তাহলে 3^{2x+1} = ?
(a) 27 (b) 81 (c) 9 (d) 1
60. কোনও বস্তুর মূল্য 20% কমানো হয়েছে। একে পূর্বের-মূল্যে ফিরিয়ে আনতে কত শতাংশ বৃদ্ধি করতে হবে?
(a) $16\frac{2}{3}$% (b) 24% (c) 20% (d) 25%
61. গণপরিষদের সাংবিধানিক পরামর্শদাতা হিসেবে কে নিযুক্ত হন?
(a) এইচ পি মুখার্জি (b) কে এম মুন্সি (c) ডঃ বি আর আম্বেদকর (d) স্যার বি এন রাও
62. ক্যালকাটা মেডিকেল কলেজ কোন বড়লাটের সময় স্থাপিত হয়?
(a) লর্ড রিপন (b) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (c) লর্ড ডালহৌসি (d) লর্ড মিন্টো
63. লালারসে উপস্থিত কার্বোহাইড্রেট বিভাজক উৎসেচক কোনটি?
(a) টায়ালিন (b) পেপসিন (c) ট্রিপসিন (d) মলটেজ
64. চক্ষুদানের ক্ষেত্রে দাতার চোখের কোন অংশ প্রতিস্থাপিত হয়?
(a) রেটিনা (b) সম্পূর্ণ চোখ (c) লেন্স (d) কর্ণিয়া
65. নিম্নলিখিত কে গান্ধীজিকে 'অর্ধ লঙ্গ ফকির' বলে অভিহিত করেছিলেন?
(a) উইনস্টন চার্চিল (b) মহম্মদ আলি জিন্না (c) লর্ড মাউন্টব্যাটেন (d) লর্ড হেস্টিংস
66. কৃত্রিম উপায়ে ফল পাকাতে ব্যবহৃত জৈব যৌগটি হল:
(a) CH_4 (b) C_2H_2 (c) C_2H_6 (d) $C2H_4$
67. ঝাড়খণ্ডের পানশিরবুরু থেকে উত্তোলন করা হয়:
(a) বক্সাইট (b) কয়লা (c) আকরিক লোহা (d) অভ্র
68. নিম্নলিখিত কোন ধারাটি আদালত কর্তৃক বলবৎযোগ্য নয়?
(a) 335 ধারা (b) 350 ধারা (c) 351A ধারা (d) সবক'টিই
69. সুলতানি যুগে মহিলা শাসক কে?
(a) গুলবদন বানু বেগম (b) মহম অনাগা (c) সুলতানা রাজিয়া (d) নুরজাহান বেগম
70. গেমিউলের সাহায্যে কে অযৌন জনন সম্পন্ন করে?
(a) ইস্ট (b) হাইড্রা (c) স্পঞ্জ (d) ফার্ণ
71. সমুদ্র বায়ু সবচেয়ে বেশি বেগে প্রবাহিত হতে থাকে:
(a) ভোরবেলায় (b) দুপুরবেলায় (c) সন্ধ্যাবেলায় (d) মধ্যরাতে
72. রাজগিরে অয়োজিত প্রথম বৌদ্ধ সম্মেলনে কে সভাপতিত্ব করেছিলেন?
(a) অশোক (b) মহেন্দ্র (c) অজাতশত্রু (d) মহাকাশ্যপ
73. নিম্নলিখিত কোনটি উত্তর ভারতের নৃত্যশৈলী?
(a) ভরতনাট্যম (b) কত্থক (c) কথাকলি (d) কুচিপুড়ি
74. সারা বিশ্ব জুড়ে ইন্টারন্যাশনাল ডে অফ হ্যাপিনেস কবে পালিত হয়?
(a) 22 মার্চ (b) 24 মার্চ (c) 20 মার্চ (d) 23 মার্চ
75. নেহরু রোজগার যোজনা কী উদ্দেশ্যে গৃহীত হয়?

এরপর এগারোর পাতায়

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

(a) গ্রামাঞ্চলে দারিদ্র্য দূরীকরণের জন্য (b) শহরাঞ্চলে দারিদ্র্য দূরীকরণের জন্য (c) মহিলা দারিদ্র্য দূরীকরণের জন্য (d) কোনওটিই নয়

76. নিম্নলিখিত কোনটি একটি মোনোস্যাকারাইড?
(a) গ্লাইকোজেন (b) মলটোজ (c) গ্লুকোজ (d) স্টার্চ

77. উষ্ণ-আর্দ্র জলবায়ুতে যৌত প্রক্রিয়ায় সৃষ্টি হয়:
(a) পলি মাটি (b) লোহিত মাটি (c) ল্যাটেরাইট মাটি (d) রেগুর মাটি

78. রাষ্ট্রপতি নির্বাচন-সংক্রান্ত বিরোধের মীমাংসা কে সমাধান করে থাকেন?
(a) উপরাষ্ট্রপতি (b) মুখ্য নির্বাচন কমিশন (c) সুপ্রিম কোর্ট (d) হাইকোর্ট

79. সম্প্রতি সংবাদে আলোচিত গ্যালাক্সি ফ্রগ কোন অঞ্চলের স্থানীয় প্রাণী?
(a) পূর্ব হিমালয় (b) দক্ষিণ পশ্চিমঘাট (c) আন্দামান দ্বীপপুঞ্জ (d) পূর্বঘাট

80. পুরুষদের 57 কেজি ফ্রিস্টাইল কুস্তি বিভাগে এশিয়ান গেমসে স্বর্ণপদক জয়ী প্রথম ভারতীয় কে ছিলেন?
(a) সুজিত কালকাল (b) আমান সেহরাওয়াত (c) দীপক পুনিয়া (d) রবি দাহিয়া

81. সিঙ্গেথাম শ্রীনিবাস রাও, যিনি সম্প্রতি 94 বছর বয়সে প্রয়াত হয়েছেন, কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) চলচ্চিত্র নির্মাণ ও সিনেমা (b) সাংবাদিকতা (c) রাজনীতি (d) খেলাধুলা

82. টেনিসে, টোকিওতে অনুষ্ঠিত 2026 জাপান ওপেন টেনিসে পুরুষ একক শিরোপা কে জিতেছেন?
(a) জনিক পাপী (b) নোভাক জেকোভিচ (c) কার্লোস আলকারাজ (d) আলেকজান্ডার জ্বেরেভ

83. বীরাঙ্গনা দুর্গাবতী টাইগার রিজার্ভ কোন রাজ্যে অবস্থিত?
(a) মহারাষ্ট্র (b) মধ্যপ্রদেশ (c) তামিলনাড়ু (d) কেরালা

84. হরমনপ্রীত কৌর অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ানোর পর ভারতীয় মহিলা ক্রিকেট দলের অধিনায়ক হিসেবে কাকে নিযুক্ত করা হয়েছে?
(a) স্মৃতি মান্ধানা (b) জেমিমাহ রদ্রিগস (c) রিচা ঘোষ (d) শেফালি ভার্মা

85. শান্তি ও আন্তর্জাতিক আইনের প্রসারের জন্য 2026 সালের নোবেল শান্তি পুরস্কার কে জিতেছেন?
(a) মারিয়া করিনা মাচাদো (b) নভনীতম 'নাভি' পিল্লাই (c) ডোনাল্ড ট্রাম্প (d) মালালা ইউসুফজাই

86. সাইবারটেক এশিয়া 2027-এর আয়োজক রাজ্য কোনটি?
(a) মহারাষ্ট্র (b) গুজরাট (c) কেরালা (d) তামিলনাড়ু

87. বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস প্রতি বছর কোন দিনে পালন করা হয়?
(a) অক্টোবর 7 (b) অক্টোবর 8 (c) অক্টোবর 9 (d) অক্টোবর 10

88. ব্রিকস থিয়েটার ফেস্টিভ্যাল 2026 কোন শহরে উদ্বোধন করা হয়েছিল?
(a) মুম্বাই (b) হায়দরাবাদ (c) নয়া দিল্লি (d) চেন্নাই

89. ভারতীয় বিমান বাহিনীর 29তম প্রধান হিসেবে কাকে নিযুক্ত করা হয়েছে?
(a) এয়ার চিফ মার্শাল বি এস ধানোয়া (b) এয়ার চিফ মার্শাল ভি আর চৌধুরী
(c) এয়ার মার্শাল আশুতোষ দীক্ষিত (d) এয়ার মার্শাল নর্মদেশ্বর তিওয়ারি

90. কল্পসূত্র গ্রন্থের লেখক কে?
(a) নাগার্জুন (b) স্থূলভদ্র (c) অশ্বঘোষ (d) ভদ্রবাহু

91. হাইগ্রোমিটারের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(a) কঠিন পদার্থের নির্দিষ্ট তাপ (b) বাতাসের আপেক্ষিক আর্দ্রতা (c) কঠিন পদার্থের ঘনত্ব (d) কঠিন পদার্থের আয়তন

92. অ্যাসিটাইলকোলিন পাওয়া যায়:
(a) স্নায়ুকোষে (b) কুফার কোষে (c) গবলেট কোষে (d) নিউরোগ্লিয়া কোষে

93. অর্থনৈতিক সংস্কার ভারতে কোন সালে অনুসৃত হয়?
(a) 1991 (b) 1992 (c) 1990 (d) 1989

94. তান সেনের প্রকৃত নাম কী?
(a) লাল কলোয়াত (b) মকরন্দ পান্ডে (c) রাজ বাহাদুর (d) রামতনু পাণ্ডে

95. দুধকে বারবার ঘেঁটে ক্রিম আলাদা করার সময় যে বল কাজ করে তা হল:
(a) ঘর্ষণ বল (b) অভিকর্ষজ বল (c) অপকেন্দ্রিক বল (d) সংযোগী বল

96. ইউনিয়ন কনস্টিটিউশন কমিটির চেয়ারম্যান কে ছিলেন?
(a) ডক্টর কে এম মুন্সী (b) পণ্ডিত জহরলাল নেহরু (c) সর্দার প্যাটেল (d) ডঃ বি আর আম্বেদকর

97. ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনা চূড়ান্তভাবে কে অনুমোদন করেন?
(a) জাতীয় উন্নয়ন পর্ষদ (b) প্রধানমন্ত্রী (c) অর্থমন্ত্রী (d) রাষ্ট্রপতি

98. মস্তিষ্কের কোন অংশ হৃদস্পন্দন নিয়ন্ত্রণ করে?
(a) সেরিব্রাম (b) পনস (c) সেরিবেলাম (d) মেডালা

99. রক্তরসের বিভিন্ন উপাদানগুলির পরিশোধনের কাজে সাহায্য করে:
(a) ঝিল্লি (b) গ্লোমেরুলাস (c) ফুসফুস (d) বৃক্ক

100. কোন ভাইসরয়ের আমলে বোম্বে মাদ্রাজ এবং কলকাতা হাইকোর্ট স্থাপিত হয়েছিল?
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ডালহৌসি (c) লর্ড কর্ণওয়ালিস (d) জন লরিয়েন্স

উত্তর

49(d), 50(c), 51(d), 52(b), 53(c), 54(b), 55(a), 56(c), 57(c), 58(a), 59(a), 60(d), 61(b) 62(b), 63(a), 64(d), 65(a), 66(d), 67(c), 68(d), 69(c), 70(c), 71(c), 72(d), 73(b), 74(c), 75(b), 76(c), 77(c), 78(c), 79(b), 80(b), 81(a), 82(c), 83(b), 84(a), 85(b), 86(a), 87(d), 88(c), 89(c), 90(d), 91(b), 92(a), 93(a), 94(d), 95(c), 96(b), 97(a), 98(d), 99(b), 100(d).

সমাধান

31(b): আমরা জানি, গ.সা.গু × ল.সা.গু = সংখ্যা দু'টির গুণফল

$\therefore$ গ.সা.গু $= \dfrac{\text{সংখ্যা দু'টির গুণফল}}{\text{ল.সা.গু}} = \dfrac{768}{96} = 8.$

32(c): ধরি, ক্রমিক সংখ্যা তিনটি হল (x – 1), x এবং (x + 1)
সংখ্যা তিনটির যোগফল = (x – 1) + x + (x + 1) = 3x
প্রশ্নানুসারে, (3x – 5) = 2x + 11
3x –2x = 11 + 5, x = 16
সংখ্যা তিনটি হল (16 – 1), 16 ও (16 + 1) = 15, 16, 17.

33(a): প্রাথমিক আয় = 12000 টাকা
প্রাথমিক সঞ্চয় = 6000 টাকা
প্রাথমিক খরচ = (12000 – 6000) = 6000 টাকা

নতুন আয় $= 12000 + \left(12000 \times \dfrac{50}{100}\right) = 12000 + 6000 = 18000$ টাকা

নতুন সঞ্চয় $6000 - \left(6000 \times \dfrac{20}{100}\right) = 6000 - 1200$ টাকা $= 4800$ টাকা

নতুন খরচ = (18000 – 4800) = 13200 টাকা
খরচের বৃদ্ধি = 13200 – 6000 = 7200 টাকা

শতকরা খরচ বৃদ্ধি $= \dfrac{7200}{6000} \times 100\% = 120\%$ বৃদ্ধি

34(c): $\dfrac{4.359 \times 4.359 - 1.641 \times 1.641}{4.359 - 1.641}$ [$\because 4.359 = a,\ 1.641 = b$]

$= \dfrac{a^2 - b^2}{a - b} = \dfrac{(a+b)(a-b)}{(a-b)} = (a + b) = (4.359 + 1.641) = 6.000 = 6$

35(a): ধরি, আসল = P টাকা
বার্ষিক সুদের হার (r) = 5%
সময় (n) = 2 বছর

$\therefore CI = P\left[\left(1 + \dfrac{r}{100}\right)^r - 1\right] \Rightarrow 820 = P\left[\left(1 + \dfrac{5}{100}\right)^2 - 1\right]$

$\Rightarrow 820 = P\left[\left(\dfrac{21}{20}\right)^2 - 1\right] \Rightarrow 820 = P\left[\dfrac{441}{400} - 1\right]$

$\Rightarrow 820 = P\left[\dfrac{41}{400}\right] \Rightarrow P = \dfrac{820 \times 400}{41} \approx 8000$ টাকা

2 বছরের সাধারণ সুদ $SI = \dfrac{P \times r \times n}{100}$, $SI = \dfrac{800 \times 5 \times 2}{100} = 800$ টাকা।

36(b): অবশিষ্ট দুধের পরিমাণ $= 35 \times \left(1 - \dfrac{7}{35}\right)^3 = 35 \times \left(1 - \dfrac{1}{5}\right)^3$

$= 35 \times \left(\dfrac{4}{5}\right)^3 = 35 \times \dfrac{64}{125} = 7 \times \dfrac{64}{25} = \dfrac{448}{25} = 17.92$ লিটার।

37(d): $\left(1 - \dfrac{1}{3}\right)\left(1 - \dfrac{1}{4}\right)\left(1 - \dfrac{1}{5}\right)\ldots\left(1 - \dfrac{1}{n}\right)$

$= \dfrac{2}{3} \times \dfrac{3}{4} \times \dfrac{4}{5} \times \ldots \times \left(\dfrac{n-1}{n}\right) = \dfrac{2}{n}$

38(b): ক্ষেত্রফলের পরিবর্তন $= 15 - 15 - \dfrac{15 \times 15}{100} = 0 - \dfrac{225}{100}$
$= -2.25\%$
অর্থাৎ, ক্ষেত্রফল 2.25% হ্রাস পেয়েছে।

39(a): $2x + \dfrac{2}{x} = 3 \Rightarrow 2\left(x + \dfrac{1}{x}\right) = 3 \Rightarrow x + \dfrac{1}{x} = \dfrac{3}{2}$

$x^3 + \dfrac{1}{x^3} = \left(x + \dfrac{1}{x}\right)^3 - 3\left(x + \dfrac{1}{x}\right) = \left(\dfrac{3}{2}\right)^3 - 3\left(\dfrac{3}{2}\right) = \dfrac{27}{8} - \dfrac{9}{2}$

$= \dfrac{27 - 36}{8} = \dfrac{-9}{8}$

$\therefore x^3 + \dfrac{1}{x^3} + 2 = -\dfrac{9}{8} + 2 = \dfrac{-9 + 16}{8} = \dfrac{7}{8}.$

40(d): ত্রিভুজের ক্ষেত্রফল $= \dfrac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা

$\Rightarrow \dfrac{4}{3} = \dfrac{\text{ভূমি}_1}{\text{ভূমি}_2} \times \dfrac{3}{4} \Rightarrow \dfrac{\text{ভূমি}_1}{\text{ভূমি}_2} = \dfrac{4}{3} \times \dfrac{4}{3} = \dfrac{16}{9} = 16 : 9.$

41(b): সুষম ষড়ভুজের ক্ষেত্রফলের সূত্র $= \dfrac{3\sqrt{3}}{2} \times (\text{বাহু})^2$

$= \dfrac{3\sqrt{3}}{2} \times \left(2\sqrt{3}\right)^2 = \dfrac{3\sqrt{3}}{2} \times 12 = 3\sqrt{3} \times 6 = 18\sqrt{3}$ বর্গসেমি

42(c): ক্ষেত্রফলের অনুপাত $= 3^2 : 2^2 = 9 : 4.$

43(a); 876 – 825 = 51, 825 – 776 = 44, 776 – 729 = 47
পার্থক্যগুলি পরপর বিজোড় সংখ্যা হিসেবে কমছে (51, 49, 47)
$\therefore$ পরবর্তী পার্থক্য হবে 45
পরবর্তী সংখ্যা = 729 – 45 = 684.

44(a): R A T
18 + 1 + 20 = 39 [alphabetical position]
C H A T
3 + 8 + 1 + 20 = 32
$\therefore$ TWITTER = 20 + 23 + 9 + 20 + 20 + 5 + 18 = 115.

45(b): $5^2 + 2 = 25 + 2 = 27$, $9^2 + 2 = 81 + 2 = 83.$

46(b): ধরি, মোট পরীক্ষার্থী = 100%
$\because$ 15% উভয় বিষয়ে ফেল করেছে, তাই অন্তত একটি বিষয়ে পাশ করেছে = 100% – 15% = 85%
শুধু অঙ্ক পাশ + শুধু ইংরেজিতে পাশ + উভয় বিষয়ে পাশ = 85%
উভয় বিষয়ে পাশ = (70% + 60%) – 85% = (130 – 85) = 45%

$45\% = 270 \Rightarrow 1\% = \dfrac{270}{45} \Rightarrow 100\% = \dfrac{270 \times 100}{45} = 600$ জন।

47(b): প্রথম ক্ষেত্রে অতিক্রান্ত মোট দূরত্ব = 600 + 1200 = 1800 মিটার

ট্রেনের গতিবেগ $= \dfrac{1800}{36} = 50$ মিটার/সেকেন্ড

দ্বিতীয় ক্ষেত্রে মোট অতিক্রান্ত দূরত্ব = 600 + 2200 = 2800 মিনিট

প্রয়োজনীয় সময় $= \dfrac{2800}{50} = 56$ সেকেন্ড।

48(d): (x + 1) : 8 = 3.75 : 7

$\Rightarrow \dfrac{x+1}{8} = \dfrac{3.75}{7}$ (x + 1) = 3.75 × 8 $\Rightarrow$ 7x + 7 = 30

$\Rightarrow x = \dfrac{30 - 7}{7} = \dfrac{23}{7} = 3\dfrac{2}{7}.$


49(d): ধরি, Q টাকা t মাস খেটেছে
P-এর টাকা পুরো 12 মাস

$\dfrac{\text{P -এর মোট মূলধন}}{\text{Q -র মোট মূলধন}} = \dfrac{\text{P-র লাভ}}{\text{Q-র লাভ}}$

$\dfrac{64000 \times 12}{48000 \times t} = \dfrac{2}{1} \Rightarrow \dfrac{4 \times 12}{3 \times t} = 2 \Rightarrow \dfrac{16}{t} = 2 \Rightarrow t = \dfrac{16}{t} = 8$ মাস

যেহেতু Q-এর টাকা 8 মাস ব্যবসায় খেটেছে, তাই সে ব্যবসায় যোগ দিয়েছিল = (12 – 8) = 4 মাস পর।

50(c):



(35 – 15, – 15) = (20, – 15)
শুরুর অবস্থান (0, 0) এবং শেষ অবস্থান (20, –15)-এর মধ্যে
সর্বনিম্ন দূরত্ব $= \sqrt{20^2 + (-15)^2} = \sqrt{400 + 225} = \sqrt{625} = 25$ মিটার।

52(b): 6 ÷ 36 – 4 × 3 + 4 $\Rightarrow$ 6 + 36 ÷ 4 – 3 × 4
$\Rightarrow$ 6 + 9 – 12 $\Rightarrow$ 15 – 12 = 3.

54(b): যেহেতু, 6 মাস অন্তর সুদ দেওয়া হয়, তাই 1 বছর
সুদ দিতে হবে = 2 বার [n = 2]

$\therefore A = P\left(1 + \dfrac{R}{2 \times 100}\right)^n$

$11025 = P\left(1 + \dfrac{5}{100}\right)^2$, $11025 = P\left(\dfrac{21}{20}\right)^2$, $11025 = P \times \dfrac{441}{400}$

$P = \dfrac{11025 \times 400}{441} = 10000$ টাকা।

55(a): ধরি, সোমার বয়স = 8x ও অনুজার বয়স = 15x
9 বছর পরে তাদের বয়স হবে (8x + 9) ও (15x + 9)

$\dfrac{8x + 9}{15x + 9} = \dfrac{11}{18}$

18(8x + 9) = 11(15x + 9) $\Rightarrow$ 144x + 162 = 165x + 99
$\Rightarrow$ 165x – 144x = 162 – 99, 21x = 63 $\Rightarrow$ x = 3
সোমার বয়স = 8x = 8 × 3 = 24
অনুজার বয়স = 15 = 15 × 3 = 45
$\therefore$ পার্থক্য = (45 – 24) = 21 বছর।

56(c): ত্রিভুজের যে-কোনও দু'টি বাহুর দৈর্ঘ্যের সমষ্টি সর্বদা তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর হতে হবে
অর্থাৎ সমান বাহু দু'টি 7, 7 সেমি করে নিলে 7 + 7 = 14 < 15
অর্থাৎ ত্রিভুজ গঠন অসম্ভব
$\therefore$ সমান বাহু দু'টি অবশ্যই 15 সেমি অর্থাৎ বাহুগুলি (15, 15, 7) হবে
এখানে 15 + 15 = 30 < 7, যা সম্ভব
$\therefore$ ত্রিভুজটির পরিসীমা = (15 + 15 + 7) = 37 সেমি।

57(c): $C \xrightarrow{-1} B$, $D \xrightarrow{-1} C$, $E \xrightarrow{-1} F$
কিন্তু, $A \xrightarrow{+7} H$. [উল্টোদিক থেকে হলেও পার্থক্য 1]

58(a); $(P + Q) \times \dfrac{20}{100} = (P - Q) \times \dfrac{50}{100}$
$\Rightarrow 20(P + Q) = 50(P - Q) \Rightarrow 2(P + Q) = 5(P - Q)$
$\Rightarrow 2P + 2Q = 5P - 5Q \Rightarrow 2Q + 5Q = 5P - 2P$
$\Rightarrow 7Q = 3P \Rightarrow \dfrac{P}{Q} = \dfrac{7}{3}$ $\therefore P : Q = 7 : 3.$

59(a): $8^{x+1} = 64$, $x \Rightarrow 8^{x+1} = 8^2$
$\therefore x + 1 = 2 \Rightarrow x = 1$
এখন, $3^{2x+1} = 3^{2\times1+1} = 3^{2+1} = 3^3 = 27.$

60(d): ধরি, আগে দাম ছিল = 100 টাকা
20% কমানোর পর নতুন দাম = (100 – 20) = 80 টাকা
এখন মূল্যকে পুনরায় পূর্বের মূল্যে ফেরাতে গেলে দাম বাড়াতে হবে (100 – 80) = 20 টাকা

শতকরা বৃদ্ধির হার $= \dfrac{20}{80} \times 100\% = 25\%.$

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

আইসিআইসিআই ব্যাঙ্কে ক্রেডিট মনিটরিং অ্যানালিস্ট

নিয়োগ কলকাতাতেও

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, মুম্বই, দিল্লি ও হায়দরাবাদে ক্রেডিট মনিটরিং অ্যানালিস্ট নেবে আইসিআইসিআই ব্যাঙ্ক। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ও এমবিএ ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। যে-কোনও ক্ষেত্রে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মিড-লেভেল ম্যানেজারিয়াল ক্যাডারে ব্যাঙ্কের ক্রেডিট মনিটরিং গ্রুপে চাকরি হবে। ক্রেডিট বা ঋণ-সংক্রান্ত ঝুঁকি সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে।

প্রার্থীর প্রোফাইল বা জীবনপঞ্জি বিচার-বিবেচনার পরে উপযুক্ত প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হবে। আগ্রহীরা পদ সম্পর্কিত বিশদ তথ্য পাবেন এই ওয়েবসাইটে: https://careers.icici.bank.in/CareerApplicant/career/job-listing

আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমেই।

হকিন্সে প্যাকেজিংয়ের পেশাদার

প্যাকেজিংয়ের ফ্রেশার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য

নিজস্ব প্রতিনিধি: প্যাকেজিংয়ের পেশাদার নেবে প্রেশার কুকার ও বিবিধ কুকিং অ্যাপ্লায়েন্স প্রস্তুতকারক সংস্থা হকিন্স। প্যাকেজিং টেকনোলজির ডিগ্রিধারীরা আবেদন করবেন। ফ্রেশার ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। প্যাকেজিং নিয়ে উদ্ভাবনী কাজে উৎসাহীরা চাকরি পাওয়ার ক্ষেত্রে এগিয়ে থাকবেন।

প্রথমে দেড় বছরের ট্রেনিং। এ সময়ে দক্ষতা অনুসারে বার্ষিক বেতন ৫-১২ লক্ষ টাকা। ট্রেনিং শেষে বেতন বেড়ে দাঁড়াবে ৭-১৪ লক্ষ টাকা।

সংস্থার তরফে জানানো হয়েছে, পণ্য অনুসারে প্যাকেজিংয়ের নকশা তৈরি এবং সেই নকশা অনুসারে মোড়ক বা প্যাকেটের প্রতিরূপ গড়ার কাজে প্রার্থীর দক্ষতা থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। আগ্রহীরা যত দ্রুত সম্ভব দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/Jobs_ViewList_MgmtTrainees_R.aspx

দরখাস্তের নির্দিষ্ট জায়গায় "Reasons why I am interested in joining Hawkins" শীর্ষক স্বহস্তে ইংরেজিতে লেখা ২০০ শব্দের একটি নোট স্ক্যান করে (ফাইল সাইজ ১০ এমবি-র মধ্যে থাকতে হবে) আপলোড করবেন।

আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসে ১২০ মেডিক্যাল অফিসার

মেডিক্যাল অফিসার পদে ১২০ জনকে নেবে প্রতিরক্ষা দপ্তর। নিয়োগ করা হবে শর্ট সার্ভিস কমিশনে, আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসেসে। মহিলারাও আবেদন করতে পারেন।

মোট শূন্যপদ: ১২০টি (পুরুষ ৯০, মহিলা ৩০)। **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস। **বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে এমবিবিএস ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩০ বছর এবং স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩৫ বছরের কম হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দিল্লিতে, ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ডিসেম্বরে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.join.afms.gov.in দরখাস্ত করা যাবে ৯ নভেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা ৯ নভেম্বর থেকে চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

আশা কর্মী নিয়োগের প্রক্রিয়ায় বদল

শিক্ষাগত যোগ্যতার গুরুত্ব বাড়ল

নিজস্ব প্রতিনিধি: রাজ্যে আশা কর্মী তথা অ্যাক্রিডিটেড সোশ্যাল হেল্‌থ অ্যাক্টিভিস্ট নিয়োগের জন্য প্রার্থী বাছাই প্রক্রিয়ায় বদল ঘটানো হল। প্রার্থী বাছাইয়ের জন্য শিক্ষাগত যোগ্যতার গুরুত্ব বা ওয়েটেজ বাড়ল, ইন্টারভিউয়ের গুরুত্ব তুলনামূলক ভাবে কমল।

২৯ অক্টোবর, পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের তরফে রাজ্যের সব জেলাশাসক ও প্রিন্সিপাল সেক্রেটারির উদ্দেশে একটি বিজ্ঞপ্তিতে (মেমো নম্বর: HFW-27011/558/2022-NHM SEC-Dept. of H&FW/3679) জানানো হয়েছে, এখন থেকে আশা কর্মী নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের জন্য সর্বোচ্চ বরাদ্দ নম্বর হবে ৯৫। এ ছাড়া ইন্টারভিউয়ের জন্য সর্বোচ্চ ৫ নম্বর বরাদ্দ থাকবে। এই দুই বিভাগের মিলিত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে।

এই সংশোধনী আনার আগে পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা ও ইন্টারভিউয়ের জন্য সর্বোচ্চ বরাদ্দ নম্বর ছিল যথাক্রমে ৯০ ও ১০।


উল্লেখ্য, কেন্দ্রীয় ভাবে আশা কর্মী নিয়োগ করা হয় না। প্রয়োজন অনুসারে জেলাগুলির সাব-ডিভিশনাল অফিস, চিফ মেডিক্যাল অফিসার (হেল্‌থ) এবং ব্লক কর্তৃপক্ষের তরফে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সংশ্লিষ্ট জেলার নির্দিষ্ট গ্রাম বা এলাকার বিবাহিত, বিবাহবিচ্ছিন্ন ও বিধবা মহিলারা আশা কর্মী পদে আবেদন করতে পারেন। বয়স হতে হয় ৪০ বছরের মধ্যে। তফসিলিরা ৫ বছরের ছাড় পেয়ে থাকেন। পারিশ্রমিক মাসে ১১,২৫০ টাকা। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা হয় না। শিক্ষাগত যোগ্যতা ও ইন্টারভিউয়ের নম্বরের ভিত্তিতে তৈরি মেধাতালিকা অনুযায়ী নিয়োগ করা হয়।

রাজ্যের স্কুলে ৩৩১৯৯ শিক্ষক নিয়োগে অনুমোদন দিল অর্থ দপ্তর

নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গের সরকারি সহায়তাপ্রাপ্ত স্কুলগুলিতে বিভিন্ন স্তরে ৩৩,১৯৯ জন শিক্ষক নিয়োগে অনুমোদন দিল রাজ্য সরকারের অর্থ দপ্তর।

সম্প্রতি মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সাংবাদিকদের জানিয়েছেন, রাজ্য সরকারের বিভিন্ন বিভাগে সব মিলিয়ে ৪৫,১৮৫টি শূন্যপদ পূরণের জন্য অর্থ দপ্তরের অনুমোদন পাওয়া গিয়েছে। এর মধ্যে স্কুল-শিক্ষকের শূন্যপদ ৩৩,১৯৯টি। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, দ্রুততার সঙ্গে শিক্ষক নিয়োগের উদ্যোগ নেওয়া হবে।

এই শূন্যপদগুলির মধ্যে প্রাথমিক স্কুলের ৪,৪৩২টি, উচ্চ প্রাথমিকের ৬,০৫২টি এবং উচ্চতর শ্রেণিগুলির জন্য ১৩ হাজারের বেশি শূন্যপদ রয়েছে বলে মনে করা হচ্ছে। হেডমাস্টার ও হেডমিস্ট্রেসের জন্য রয়েছে ৪,৩৯৪টি শূন্যপদ।



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in